- অধিবেশনের তথ্যপত্রটি নীরবে পাঠ করতে বলবেন;
- প্রশ্নোত্তর এবং সমবেত আলোচনার মাধ্যমে নির্দেশক ছকের (**পরিশিষ্ট-ঝ**) ধারণা ও গুরুত্ব স্পষ্ট করবেন;
- প্রত্যেক দলকে পূর্বের কাজের অভিজ্ঞতার আলোকে একসেট প্রশ্নপত্র চূড়ান্ত করতে বলবেন;
- সেট চূড়ান্ত করার প্রয়োজনে প্রতিটি দলকে নতুন করে প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- তৈরিকৃত সেটের সঠিক উত্তরের (Answer Key) ছক **(পরিশিষ্ট-ঞ)** পূরণ করতে বলবেন;
- প্রত্যেক দলকে তাঁদের তৈরিকৃত প্রশ্ন সেটের আলোকে নির্দেশক ছক পূরণ করতে বলবেন;
- প্রত্যেক দলকে তাঁদের তৈরিকৃত প্রশ্নপত্র, সঠিক উত্তরের (Answer Key) ছক ও পূরণকৃত নির্দেশক ছক সরবরাহকৃত খামে ভরে জমা দিতে বলবেন। (প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)

তৃতীয় দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪
(০৯:০০-০৫:০০)

প্রশিক্ষণের বিষয়	**:**	**বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধন ও সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো**
শিখনফল	**:**	এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ- ● এক সেট বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধন করতে পারবেন; ● সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো বর্ণনা করতে পারবেন;

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল: সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
প্রশিক্ষণ উপকরণ : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

তথ্যপত্র

প্রশ্ন পরিশোধন এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে প্রতিটি প্রশ্ন যথাযথভাবে লিখিত কি না, পরীক্ষার জন্য উপযোগী কি না এবং একটি সুসামঞ্জস্যপূর্ণ অবস্থা প্রশ্নপত্রে অন্তর্ভুক্ত করা যাবে কি না তা যাচাই করা হয়। পরিশোধনের মাধ্যমে প্রশ্ন যাচাই বাছাই করা হয় যাতে সুসমন্বিত ও যথাযথ প্রশ্নপত্র তৈরি করা যায়। পরিশোধন ব্যাতীত প্রশ্নপত্রে দুর্বলভাবে লিখিত প্রশ্ন, একই ধারণা ও বিষয়বস্তুর পুনরাবৃত্তি অথবা সম্পূর্ণভাবে দুর্বোধ্য প্রশ্ন সন্নিবেশিত হতে পারে। পরিশোধন প্রক্রিয়ার মাধ্যমে নিশ্চিত হওয়া যায় যে প্রতিটি প্রশ্ন এবং চূড়ান্তভাবে প্রণীত প্রশ্নপত্র পরীক্ষা নেওয়ার উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ এবং উচ্চ গুণগত মানসম্পন্ন কি না। পরীক্ষার প্রশ্নপত্র নির্দিষ্ট কোনো শিক্ষার্থীদের জন্য পক্ষপাতদুষ্ট হবে না।

বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ

- প্রতিটি প্রশ্ন অবশ্যই কারিকুলামের নির্দেশনার আলোকে বিষয়বস্তু ও দক্ষতা যাচাইয়ের উপযোগী হবে।
- বহুনির্বাচনি প্রশ্নপত্রে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তরের প্রশ্ন অবশ্যই অন্তর্ভুক্ত হতে হবে এবং একটি নির্দেশক ছকে দক্ষতা ও বিষয়বস্তু অনুযায়ী প্রশ্নের/আইটেমের বণ্টন দেখাতে হবে।
- প্রশ্নের উত্তরে ব্যবহৃতব্য যে সকল **তথ্য/সংখ্যা পরিবর্তনশীল** সে সকল তথ্য জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- বিভিন্ন ধরনের বহুনির্বাচনি প্রশ্ন (সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন, বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন এবং অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন) প্রশ্নপত্রে অন্তর্ভুক্ত হতে হবে।
- বহুনির্বাচনি প্রশ্ন হবে সুস্পষ্টভাবে লিখিত অর্থাৎ শিক্ষার্থীদের মধ্যে অবশ্যই কোনো রকমের অস্পষ্টতা/দ্ব্যর্থকতা সৃষ্টি করবে না।
- একটি বহুনির্বাচনি প্রশ্নে অবশ্যই একটি মাত্র সঠিক উত্তর থাকবে।
- বহুনির্বাচনি প্রশ্নপত্রের প্রতিটি প্রশ্নের উত্তরগুচ্ছে সঠিক উত্তরের ক্রমবিন্যাস এমনভাবে করতে হবে যেন অনুমান করে সঠিক উত্তর প্রদানের সুযোগ হ্রাস পায়।
- প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নে অবশ্যই এমন ৩টি বিক্ষেপক (Distractors) থাকবে যেগুলো শিক্ষার্থীদের নির্বাচন করার সম্ভাবনা থাকবে। প্রতিটি বিকল্প উত্তর অন্তত শতকরা ৫% পরীক্ষার্থীদের নির্বাচন করার সম্ভাবনা থাকতে হবে।
- উদ্দীপকে কোনভাবেই যেন উত্তর/'উত্তর পাওয়ার নির্দেশনা বা ইঙ্গিত' না থাকে।
- সুনির্দিষ্ট শিখনফল অর্জন পরিমাপে প্রতিটি প্রশ্নের উপযোগিতা থাকতে হবে।
- গুরুত্বহীন (Trivial) বিষয় জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- একটি প্রশ্নপত্রের শুরুতে যেন কঠিন প্রশ্ন না থাকে। একাধিক প্রশ্নপত্র সেট তৈরির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন প্রশ্নপত্রে প্রশ্নের কাঠিন্যের বিন্যাসে ও অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন সেটের মধ্যে ভারসাম্য নিশ্চিত হয়।
- সমাজে বা জনগোষ্ঠীর কোন অংশে বিরূপ এবং নেতিবাচক ধারণা সৃষ্টি হতে পারে এমন কোনো প্রশ্ন প্রণয়ন থেকে অবশ্যই বিরত থাকতে হবে।

- পরিশোধকগণ নিশ্চিত করবেন যেন প্রশ্নপত্রের ৭০% জ্ঞান ও অনুধাবন স্তর এবং ৩০% প্রয়োগ ও উচ্চতর দক্ষতা স্তর যাচাই করার উপযোগী হয়।
- ভাষার সঠিকতা, বিশেষ করে দ্ব্যর্থকতা/অস্পষ্টতা, বানান, যতিচিহ্নের ব্যবহার, পুনরাবৃত্তি ও উপযুক্ত শব্দের ব্যবহার - এসব বিষয় পরীক্ষা করে দেখা;
- ডায়াগ্রাম, চার্ট, গ্রাফ, সারণি সঠিকভাবে অঙ্কন করা হয়েছে কিনা এবং এগুলোর আলোকে তৈরি প্রশ্নের সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা পরীক্ষা করা;
- প্রশ্নপত্রের সার্বিক ভারসাম্য উপযুক্ত ও সঠিকভাবে বিন্যস্ত কি না, অন্যান্য প্রশ্নের সাথে প্রাবরণ (Overlap) করেছে কি না অথবা বহুনির্বাচনি প্রশ্ন, সৃজনশীল প্রশ্ন ও সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের মধ্যে প্রাবরণ (Overlap) হচ্ছে কি না তা পরীক্ষা করে দেখা।

সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো

একটি সৃজনশীল প্রশ্নের শুরুতে একটি নতুন পরিস্থিতিযুক্ত উদ্দীপক এবং উদ্দীপক সংশ্লিষ্ট চারটি প্রশ্ন থাকে। প্রশ্ন চারটি কাঠিন্যের ক্রমানুসারে পর্যায়ক্রমে থাকে। একটি সৃজনশীল প্রশ্ন চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর যাচাই করতে পারে। প্রতিটি সৃজনশীল প্রশ্নের জন্য ১০ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের প্রথম অংশটি (ক) জ্ঞান স্তরের যা সহজ ও নিতান্তই স্মৃতিনির্ভর। প্রশ্নটি স্মৃতিনির্ভর হলেও তা যেন অর্থবহ এবং শিক্ষণীয় হয়। এ অংশটির জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের দ্বিতীয় অংশ (খ) হলো অনুধাবন স্তরের প্রশ্ন। এর মাধ্যমে শিক্ষাক্রমের আওতায় পাঠ্যবইয়ের বিষয়বস্তু অনুধাবন করার ক্ষমতা যাচাই করা হয়। পাঠ্যবইয়ে বিভিন্ন ঘটনা বা বিষয়বস্তুর বিবরণ দেওয়া থাকে। এ ধরনের প্রশ্নে সরাসরি পাঠ্যবইয়ের অনুরূপ বিবরণ জানতে চাওয়া হয় না। এক্ষেত্রে শিক্ষার্থীকে বিষয়বস্তু সম্পর্কে ব্যাখ্যা বা বর্ণনা দিতে বলা হয়। প্রশ্নের এ অংশের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের তৃতীয় অংশটি (গ) হলো প্রয়োগ স্তরের প্রশ্ন। সৃজনশীল প্রশ্নের এ অংশটি ভালোমানের নতুন পরিস্থিতিযুক্ত উদ্দীপকের উপর নির্ভরশীল। অর্থাৎ উদ্দীপক যদি খুব মানসম্পন্ন হয় তবে প্রয়োগ দক্ষতার প্রশ্নটি প্রণয়ন করা সম্ভব। এ প্রশ্নের উত্তর প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্য পাঠ্যবইয়ে থাকবে। পাঠ্যবইয়ের তথ্য এবং এর অনুধাবন উদ্দীপকে বর্ণিত নতুন পরিস্থিতিতে শিক্ষার্থী প্রয়োগ করবে। পাঠ্যবইয়ের বিষয়বস্তু শিক্ষার্থী ভালোভাবে পড়লে সে বিষয়ে তার স্পষ্ট ধারণা হবে এবং সেটা নতুন ক্ষেত্রে শিক্ষার্থীর প্রয়োগ করার ক্ষমতাই প্রয়োগ দক্ষতা। প্রশ্নের এ অংশের জন্য ৩ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের চতুর্থ অংশটি (ঘ) হচ্ছে উচ্চতর দক্ষতার প্রশ্ন। এ স্তরের প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীর বিচার-বিবেচনা করার দক্ষতা, কোনো বিষয় বা ঘটনা বিশ্লেষণ করার দক্ষতা, সিদ্ধান্ত নেওয়ার দক্ষতা ইত্যাদি যাচাই করা হয়। এ প্রশ্নের উত্তর করার জন্য প্রয়োজনীয় তথ্য পাঠ্যবইয়ে থাকবে এবং সংশ্লিষ্ট তথ্য নতুন পরিস্থিতিতে ব্যবহার করে শিক্ষার্থী তার বিচার-বিশ্লেষণের, সিদ্ধান্ত গ্রহণের ও মূল্যায়নের দক্ষতা প্রকাশের সুযোগ পাবে। প্রশ্নের চতুর্থ অংশটির জন্য ৪ নম্বর বরাদ্দ থাকবে। **[পরিশিষ্ট 'ট' : সৃজনশীল প্রশ্নের নমুনা]**

পরীক্ষা অধিক অর্থবহ এবং শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রাখার ক্ষেত্রে সৃজনশীল প্রশ্নে উদ্দীপক বা নতুন পরিস্থিতি অপরিহার্য। একটি সৃজনশীল প্রশ্নের ক, খ, গ ও ঘ অংশ উদ্দীপকের আলোকে প্রণয়ন করতে হবে। উদ্দীপক না পড়ে বা না দেখেও প্রশ্নের 'ক' ও 'খ' অংশের উত্তর দেওয়া সম্ভব হতে পারে। তবে উদ্দীপকের সাথে প্রশ্নের 'ক' ও 'খ' অংশের একটি পরোক্ষ যোগসূত্র রয়েছে। যে অধ্যায় বা অধ্যায়সমূহের বিষয়বস্তুর উপর ভিত্তি করে উদ্দীপক তৈরি করা হয় সে অধ্যায় বা অধ্যায়সমূহের বিষয়বস্তুর আলোকেই 'ক' ও 'খ' প্রশ্নসমূহ করা হয়। কিন্তু 'গ' ও 'ঘ' অংশের উত্তর উদ্দীপক বিবেচনায় না এনে করা সম্ভব হবে না। উল্লেখ্য, একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পরিহার করতে হবে।

প্রশিক্ষণ কার্যক্রম

কাজ-১: একসেট বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (২৭০ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–

- পূর্বের দিনের প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বণ্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে প্রাপ্ত প্রশ্নপত্র, নির্দেশক ছক ও সঠিক উত্তরের ছক পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- এক সেট যথার্থ প্রশ্নপত্র তৈরির লক্ষ্যে প্রয়োজন হলে নতুন প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- প্রশ্নপত্র, নির্দেশক ছক ও সঠিক উত্তরের ছকের কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্নপত্র প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যেকোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

কাজ-২: সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়ন (১০৫ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–

- নীরব পাঠ ও সমবেত আলোচনার মাধ্যমে সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো সম্পর্কিত ধারণা স্পষ্ট করবেন;
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো অনুযায়ী একটি প্রশ্ন তৈরি করতে বলবেন;
- প্রশিক্ষণার্থীগণকে নতুনভাবে ৫টি দলে বিভক্ত করবেন;
- এককভাবে প্রণীত প্রশ্নগুলো দলে আলোচনা করে ১টি প্রশ্ন চূড়ান্ত করে পোস্টারে লিখতে বলবেন;
- তৈরিকৃত পোস্টারগুলো দেয়ালে/বোর্ডে টাঙিয়ে দিতে বলবেন;
- প্রত্যেক দলকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিশোধন করে দিবেন।

তৃতীয় দিবস শেষে বাড়ির কাজ: প্রশিক্ষক প্রত্যেক দলের সদস্যদের মধ্যে সকল অধ্যায় বন্টন করে দিবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী তার জন্য বরাদ্দকৃত অধ্যায়/অধ্যায়সমূহ থেকে ২টি সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক দলকে পরবর্তী দিন সকল অধ্যায়ের সমন্বয়ে এক সেট প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।

চতুর্থ দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪
(০৯:০০-০৫:০০)

প্রশিক্ষণের বিষয়	:	**নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্ন প্রণয়ন**
শিখনফল	:	এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ- ● নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন; ● প্রণীত সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর লিখতে পারবেন; ● নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করতে পারবেন;

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল : সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
প্রশিক্ষণ উপকরণ : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

তথ্যপত্র

নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics)

একটি উত্তরপত্র যদি দু'জন ভিন্ন ভিন্ন পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হয় তবে সেই দু'জন পরীক্ষকের প্রদত্ত নম্বরের মাঝে পার্থক্য হওয়ার সম্ভাবনা রয়েছে। কেননা উত্তরপত্র মূল্যায়নের সময় পরীক্ষকের মানসিক গড়ন (বিশ্বাস, মূল্যবোধ, মেজাজ-মর্জি), শারীরিক অবস্থা (সুস্থতা, ক্লান্তি, অবসাদ) এবং পারিপার্শ্বিক পরিবেশ ইত্যাদি প্রভাব বিস্তার করে। এমনকি একজন পরীক্ষক যদি একই উত্তরপত্র ভিন্ন ভিন্ন সময়ে মূল্যায়ন করেন তাহলে সকালে যে নম্বর তিনি দিবেন বিকেলে হয়তো সেই নম্বর নাও দিতে পারেন। নম্বর প্রদানের এই তারতম্য কমিয়ে আনার জন্য নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics) ব্যবহৃত হয়। Rubrics একটি দাঁড়িপাল্লা (পরিমাপক) স্বরূপ যার মাধ্যমে একজন শিক্ষার্থীর শিখন কতটুকু হয়েছে তা যাচাই করা হয়। Rubrics সাধারণত দু' রকমের- বিশ্লেষণধর্মী (Analytical) এবং সার্বিক (Holistic)।

সার্বিক (Holistic): একজন পরীক্ষার্থীর একটি সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর লিখিত একটি রচনা বা মৌখিক উপস্থাপনা মূল্যায়নের সময় যদি বিভিন্ন বৈশিষ্ট্য (যেমন : বাক্যগঠন, শব্দচয়ন, উপস্থাপনা) পৃথকভাবে বিবেচনায় না নিয়ে সব বৈশিষ্ট্যগুলো সম্পর্কে একটি সামগ্রিক ধারণার ভিত্তিতে পরীক্ষার্থীর কাজের (Performance) মূল্যায়ন করা হয় তবে তাই হচ্ছে সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা (Holistic Rubrics)। যেমন ১০ নম্বরের একটি রচনায় কখনো একজন পরীক্ষার্থী হয়তো ৮ নম্বর পেয়েছেন। এক্ষেত্রে পরীক্ষক পরীক্ষার্থীর প্রশ্নের উত্তরের থেকে একটি সামগ্রিক ধারণা লাভ করে নম্বর প্রদান করেছেন অর্থাৎ সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা ব্যবহার করেছেন। সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা একজন শিক্ষার্থীর প্রশ্ন সংশ্লিষ্ট বিষয়বস্তুর (content) উপর দখল অথবা নৈপুণ্য/কুশলতা (skill/proficiency) অথবা বোঝার ক্ষমতাকে বিবেচনায় নেয়া হয়। সাধারণত সামষ্টিক মূল্যায়নের (Summative Assessment) সময় Holistic Rubrics ব্যবহৃত হয়।

বিশ্লেষণধর্মী (Analytical): একজন পরীক্ষার্থীর একটি সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর লিখিত একটি রচনা বা মৌখিক উপস্থাপনা মূল্যায়নের সময় যদি বিভিন্ন বৈশিষ্ট্য (যেমন : বাক্যগঠন, শব্দচয়ন, উপস্থাপনা) পৃথকভাবে বিবেচনায় নিয়ে পরীক্ষার্থীর কাজের (Performance) মূল্যায়ন করা হয় তবে তা হচ্ছে বিশ্লেষণধর্মী নম্বর প্রদান নির্দেশিকা (Analytical Rubrics)। এক্ষেত্রে প্রশ্ন সংশ্লিষ্ট শিখনফল মূল্যায়নের জন্য প্রথমে কয়েকটি বৈশিষ্ট্য নির্ধারণ করা হয় এবং প্রতিটি বৈশিষ্ট্যের কাঠিন্যের ধারাবাহিকতার (degree of difficulty level) আলোকে নম্বর/পয়েন্ট বরাদ্দ করা হয়ে থাকে। পরীক্ষার্থীর কাজকে (Performance) প্রতিটি বৈশিষ্ট্যের আলোকে মূল্যায়ন করা হয়। এতে করে বিভিন্ন বৈশিষ্ট্যের ক্ষেত্রে পরীক্ষার্থী/শিক্ষার্থীর দুর্বলতা চিহ্নিত করে সেই আলোকে তাকে সুনির্দিষ্ট ফিডব্যাক (feedback) দেয়া যায়। যেমন একজন শিক্ষার্থীর লিখিত রচনায় দেখা গেল যে বাক্যগঠনে দুর্বলতা রয়েছে। তাহলে শিক্ষক বুঝবেন যে শিক্ষার্থীকে বাক্যগঠনের উপর ফিডব্যাক দিতে হবে। Analytical Rubrics সাধারণত গঠনমূলক মূল্যায়নে (Formative Assessment) এ ব্যবহৃত

হয়। এতে করে শিক্ষার্থীও জানতে পারে কোন কোন বৈশিষ্ট্যের আলোকে তাকে মূল্যায়ন করা হবে এবং সে অনুযায়ী শিক্ষার্থী নিজেকে প্রস্তুত করতে পারে।

শিখনফল Rubrics তৈরির মূল বিবেচ্য বিষয়। যে বৈশিষ্ট্য (Criteria) এর আলোকে শিখনফল অর্জিত হবে সেই বৈশিষ্ট্যসমূহের ব্যাখ্যা (Discriptor) সুস্পষ্ট হতে হবে। একজন শিক্ষার্থী কী লিখলে সর্বোচ্চ নম্বর পাবেন তা Rubrics লেখার সময় প্রথমেই লিখতে হবে। ক্রমান্বয়ে নিচের স্তরের বৈশিষ্ট্যগুলোর ব্যাখ্যা লিখতে হবে।

শিখনফল: শিক্ষার্থী শুদ্ধরূপে বিনা বেতনে অধ্যয়নের জন্য একটি দরখাস্ত লিখতে পারবে।

একটি শুদ্ধ দরখাস্তের বৈশিষ্ট্য কী কী হতে পারে তা Rubrics তৈরির সময় বিবেচনা করতে হবে। অর্থাৎ যে বৈশিষ্ট্যের আলোকে দরখাস্ত মূল্যায়ন করা হবে তা Rubrics এর অন্তর্ভুক্ত হতে হবে। এই বৈশিষ্ট্যগুলো প্রকৃতপক্ষে শিখনফলের অংশবিশেষ।

একটি আনুষ্ঠানিক দরখাস্ত মূল্যায়নের সময় সাধারণত নিচের বৈশিষ্ট্যগুলো বিবেচনা করা হয় :

- সঠিক গঠন (corrcet formate)
- শুদ্ধ বানান এবং যতিচিহ্ন (correct spelling and punctuation)
- আনুষ্ঠানিক ভাষা (formal language)
- শুদ্ধ ব্যাকরণের ব্যবহার এবং শব্দ চয়ন (accurate grammar and vocabulary)

আনুষ্ঠানিক দরখাস্তের উপরোক্ত বৈশিষ্ট্য/দিক বিবেচনা করে বিশ্লেষণধর্মী বা সার্বিক মূল্যায়নের রূপকল্প (Analytical/Holistic Rubrics) তৈরি করা যায়।

সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা (Holistic Rubrics)

Score	বর্ণনা (Descriptor)
৩	গঠন ঠিক আছে, বানান, যতিচিহ্ন, ব্যাকরণ এবং শব্দচয়ন শুদ্ধভাবে ব্যবহৃত হয়েছে; আনুষ্ঠানিক ভাষা (formal language) ব্যবহৃত হয়েছে।
২	গঠন সাধারণভাবে ঠিকই আছে; বানান, যতিচিহ্ন, ব্যাকরণ এবং শব্দচয়ন অধিকাংশ ক্ষেত্রেই শুদ্ধ আছে; অল্প - কিছু জায়গা ছাড়া আনুষ্ঠানিক ভাষাই ব্যবহৃত হয়েছে।
১	ভাষা গঠনে ভুল রয়েছে; বানান, যতিচিহ্ন, ব্যাকরণ, শব্দচয়ন অধিকাংশ ক্ষেত্রে ঠিক নেই। সাধু ও চলিত ভাষার বহুল মিশ্রণ এবং অনানুষ্ঠানিক ভাষার (informal language) ব্যবহার হয়েছে।
০	বানান, যতিচিহ্ন, ব্যাকরণ, শব্দচয়ন, ভাষা গ্রহণযোগ্য নয়/ উত্তর দেয়নি।

বিশ্লেষণধর্মী নম্বর প্রদান নির্দেশিকা (Analytical Rubrics)

নম্বর স্কোর	গঠন (format)	বানান এবং যতিচিহ্নের ব্যবহার	ভাষা	শব্দচয়ন এবং ব্যাকরণ
৩	সঠিক গঠন	বানান এবং যতিচিহ্নের সঠিক ব্যবহার হয়েছে	আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করা হয়েছে	শুদ্ধ শব্দচয়ন এবং ব্যাকরণ অনুসরণ করা হয়েছে
২	গঠনে কিছুটা ভুল রয়েছে	বানান এবং যতিচিহ্ন অধিকাংশই সঠিক	অধিকাংশ ক্ষেত্রেই আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করা হয়েছে।	অধিকাংশ ক্ষেত্রেই সঠিক শব্দচয়ন ও ব্যাকরণ অনুসরণ করা হয়েছে।
১	গঠনে খুব বেশি ভুল হয়েছে	বানান এর ব্যবহার মোটামুটিভাবে ঠিক/শুদ্ধ আছে	ভাষা ব্যবহারে মোটামুটিভাবে আনুষ্ঠানিক	শব্দচয়ন এবং ব্যাকরণ মোটামুটিভাবে ঠিক আছে
০	সঠিক গঠন নেই/কোনো উত্তর দেয়নি	বানান এবং যতিচিহ্নের ব্যবহারে ভুল রয়েছে। উত্তর দেয়নি।	আনুষ্ঠানিক ভাষার ব্যবহার নেই; উত্তর দেয়নি	শব্দচয়ন ও ব্যাকরণের ব্যবহারে ভুলের মাত্রা ব্যাপক, উত্তর দেয়নি

উপরের নম্বর প্রদান নির্দেশিকায় এটি স্পষ্টতর প্রতীয়মান যে শিখনফলের চাহিদার আলোকে নম্বর প্রদান নির্দেশিকা (সার্বিক বা বিশ্লেষণধর্মী) তৈরি করতে হচ্ছে। সে সকল বিষয়ের বানান, শব্দচয়ন, বাক্য গঠন ইত্যাদির ওপর চাহিদা থাকে। সেই সকল বিষয়ের নম্বর প্রদান নির্দেশিকায় তার প্রতিফলন থাকতে হবে। যে সকল বিষয়ে বানান, শব্দচয়ন বা বাক্যগঠনের চেয়ে বিষয়বস্তুর ওপর জোর দেওয়া হয় সে সকল বিষয়ের নম্বর প্রদান নির্দেশিকা তৈরির সময় বিষয়বস্তুর চিন্তার গভীরতার আলোকে নম্বর প্রদান নির্দেশিকা তৈরি করতে হয়।

সৃজনশীল প্রশ্নের উত্তরের জন্য সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা ব্যবহার করা হয়ে থাকে। সৃজনশীল প্রশ্নপত্রে নম্বর প্রদান নির্দেশিকায় শিখনফলগুলো দক্ষতা স্তরের সাথে সম্পর্কিত। সুতরাং সংশ্লিষ্ট দক্ষতা স্তরের বিপরীতে বিষয়বস্তুর আলোকে শিক্ষার্থীর দক্ষতা চাওয়া হচ্ছে তার পরিপূর্ণ বর্ণনা নম্বর প্রদান নির্দেশিকায় লিখতে হবে।

সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

সৃজনশীল প্রশ্ন প্রণয়নের সময়ে প্রশ্ন প্রণয়নকারীকে সম্ভাব্য নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর (Marking Guideline and Model Answer) তৈরি করতে হবে। **[পরিশিষ্ট 'ঠ' : সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর]**

পরীক্ষার্থীর উত্তর প্রত্যাশিত দক্ষতা স্তরের না হয়ে নিম্নতর দক্ষতা স্তরের হতে পারে সে কারণেই নম্বর প্রদান নির্দেশিকায় আংশিক নম্বর পাওয়ার উপযোগী উত্তর উল্লেখ করা হয়। পরীক্ষার্থী প্রশ্নের অংশ (খ) তে ১ অথবা ২ নম্বর পেতে পারে। (গ) অংশে ৩ অথবা ২ অথবা ১ নম্বর পেতে পারে এবং (ঘ) অংশে ৪ অথবা ৩ অথবা ২ অথবা ১ নম্বর পেতে পারে। **ভগ্নাংশ নম্বর দেওয়ার কোনো সুযোগ নেই। লিখিত উত্তর গ্রহণযোগ্য না হলে শূন্য (০) পাবে।**

সৃজনশীল প্রশ্নের নমুনা উত্তর প্রস্তুতকরণ প্রশ্ন প্রণয়নকারীকে ত্রুটিমুক্ত প্রশ্ন তৈরিতে সাহায্য করতে পারে। আবার এ নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর পরীক্ষককে নির্ভুল ও নির্ভরযোগ্য নম্বর প্রদানেও নির্দেশনা দেয়। একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পাওয়া গেলে বুঝা যাবে যে, প্রশ্নটি ত্রুটিমুক্ত নয়। এভাবে প্রশ্নের নমুনা উত্তর লেখা প্রশ্ন প্রণয়নকারীকে প্রশ্ন পরিমার্জনে নির্দেশনা দিয়ে থাকে।

উত্তর প্রদানে পরীক্ষার্থীদের স্বাধীনতা ও পরীক্ষকগণের নম্বর প্রদান

প্রশ্নপ্রণয়নকারীর তৈরি নমুনা উত্তর এবং পরীক্ষার্থীর লেখা উত্তর হুবহু একই হবে এমনটা আশা করা যায় না। উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্যগঠন, বাক্যবিন্যাস এবং উপস্থাপনা কৌশল স্বাভাবিকভাবেই ভিন্নতর হবে। প্রশ্নপ্রণয়নকারীর লেখা নমুনা উত্তরের কোনো বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। প্রশ্নপ্রণয়নকারী হয়ত তা চিন্তা করতে পারেন নি কিন্তু পরীক্ষার্থীরা চিন্তা করতে পেরেছে। তাই পরীক্ষার্থীর উত্তর থেকে পরীক্ষককে সিদ্ধান্ত নিতে হবে পরীক্ষার্থীর উত্তর কতটুকু সঠিক এবং সে দক্ষতার কোন স্তরে অবস্থান করছে। পরীক্ষার্থীদের উত্তরপত্র থেকে ধারণা নিয়ে নমুনা উত্তরে সংযোজন, বিয়োজন হতে পারে আবার সরবরাহকৃত নমুনা উত্তরের পাশাপাশি নতুন কোনো উত্তর নমুনা উত্তর হিসাবে আবির্ভূত হতে পারে।

প্রয়োগ বা উচ্চতর চিন্তন দক্ষতা স্তরের প্রশ্নের উত্তর লেখার সময় পরীক্ষার্থী প্রথমে জ্ঞান তারপর অনুধাবন, প্রয়োগ ও উচ্চতর দক্ষতা স্তরের উত্তর লিখবে - **এমনটা ভাবা যাবে না**। পরীক্ষার্থী জ্ঞান থেকে ক্রমান্বয়ে উচ্চতর দক্ষতা স্তরের উত্তর লিখতে পারে আবার নাও লিখতে পারে। পরীক্ষার্থীর লেখা সার্বিক উত্তর থেকে পরীক্ষক পরীক্ষার্থীর চিন্তার স্তর নির্ণয় করবেন। প্রকৃতপক্ষে উচ্চতর দক্ষতা স্তরের উত্তরের মধ্যে নিম্নতর স্তরের চিন্তন দক্ষতা অন্তর্নিহিত থাকে।

পরীক্ষার্থীরা ইচ্ছা অনুযায়ী একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর আগে বা পরে লিখতে পারবে। আবার তারা কোনো একটি সৃজনশীল প্রশ্নের কোনো অংশ লিখে আর একটি প্রশ্নের কোনো অংশ লিখতে পারে। যেমন- কোনো একটি প্রশ্নের (ক) অংশের উত্তর লিখে অন্য কোনো প্রশ্নের উত্তর দিতে পারে এবং পরে পূর্বের প্রশ্নটির (খ) অংশের উত্তর দিতে পারে। এ ধরনের ক্ষেত্রে শিক্ষার্থীকে সতর্কতার সাথে প্রশ্নের ক্রমিক নম্বর এবং অংশ শনাক্তকরণ বর্ণটি (ক, খ, গ, ঘ) সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

তাহলে প্রশ্ন আসতে পারে যে, নমুনা উত্তরের প্রয়োজন কী? নমুনা উত্তর লেখার ফলে সংশ্লিষ্ট প্রশ্নপ্রণয়নকারী এবং পরিমার্জনকারীগণ প্রশ্নের ভুলত্রুটি চিহ্নিত ও সংশোধনের সুযোগ পান। এছাড়াও পরীক্ষক উত্তরপত্র মূল্যায়নের একটি নির্দেশনা পান; এর ফলে নম্বর প্রদানে অনাকাঙ্ক্ষিত প্রভাব হ্রাস পায়।

সৃজনশীল প্রশ্ন প্রণয়নের সময়ে প্রশ্ন প্রণয়নকারীকে সম্ভাব্য নমুনা উত্তর (Model Answer) তৈরি করতে হবে। নমুনা উত্তর প্রশ্ন প্রণয়নকারীকে ত্রুটিমুক্ত প্রশ্ন তৈরিতে সাহায্য করতে পারে। একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পাওয়া গেলে বুঝা যাবে যে, প্রশ্নটি ত্রুটিমুক্ত নয়।

উল্লেখ্য, নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর শুধু পরীক্ষক/শিক্ষকবৃন্দের ব্যবহারের জন্য। এটি শিক্ষার্থী/ পরীক্ষার্থীদের অনুসরণ/ব্যবহারের জন্য নয়।

প্রশিক্ষণ কার্যক্রম

কাজ-১: নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)ও নমুনা উত্তরসহ একটি সৃজনশীল প্রশ্ন প্রণয়ন, পরিশোধন ও উপস্থাপন (২১০ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক -

- নম্বর প্রদান নির্দেশিকার (রুব্রিক্স) ও নমুনা উত্তরের ধারণা ও গুরুত্ব সম্পর্কিত তথ্যপত্রের সংশ্লিষ্ট অংশটুকু নীরবে পাঠ করতে বলবেন;
- নীরব পাঠ শেষে প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করবেন;
- প্রয়োজনে তথ্যপত্রের সহায়তা নিবেন;
- প্রত্যেককে বাড়ির কাজে প্রণীত ২টি প্রশ্নের যে কোনো ১টির রুব্রিক্স ও নমুনা উত্তর লিখতে বলবেন;
- প্রশিক্ষণার্থীগণকে দলে বসে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটি নিয়ে আলোচনা করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১টি সৃজনশীল প্রশ্ন চূড়ান্ত করে পোষ্টার/ মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপিত কাজের উপর অন্য প্রশিক্ষণার্থীগণকে মতামত দিতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব মতামতের মাধ্যমে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটি সংশোধন করে দিবেন।

কাজ-২: একসেট সৃজনশীল প্রশ্ন চুড়ান্তকরণ (১৬৫ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–

- পূর্বের কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রত্যেককে বাড়ির কাজে প্রণীত অবশিষ্ট প্রশ্নটির রুব্রিক্স ও নমুনা উত্তর লিখতে বলবেন;
- দলে বসে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ দলের সবগুলো সৃজনশীল প্রশ্ন আলোচনা করে পূর্বের অভিজ্ঞতার ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১ সেট সৃজনশীল প্রশ্ন চূড়ান্ত করে খামে ভরে জমা দিতে বলবেন। (প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)

পঞ্চম দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪

প্রশিক্ষণের বিষয়	**:**	**নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন**
শিখনফল	**:**	এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ- ● নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তরসহ এক সেট সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল: সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
প্রশিক্ষণ উপকরণ : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

তথ্যপত্র

সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন একটি সময় সাপেক্ষ এবং শ্রমসাধ্য কাজ। একটি মানসম্মত সৃজনশীল প্রশ্ন পত্রের জন্য সৃজনশীল প্রশ্ন প্রণয়ন যথাযথ উপায়ে করতে হবে। শিক্ষার্থীদের সৃজনশীল পরীক্ষা পদ্ধতির সাথে অভ্যস্ত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের শিখন- শেখানো প্রক্রিয়া এবং অভ্যন্তরীণ পরীক্ষায় বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন ব্যবহার করতে হবে।

সৃজনশীল প্রশ্ন প্রণয়ন ও পরিশোধনে নিচের নির্দেশনাসমূহ অনুসরণে সচেষ্ট হতে হবে-

- যে বিষয়বস্তুকে নিয়ে প্রশ্ন করবেন তা শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত হতে হবে।
- গুরুত্বহীন (Trivial) বিষয় জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- প্রশ্নের শুরুতে একটি মৌলিক, আকর্ষণীয় ও সংক্ষিপ্ত উদ্দীপক তৈরি করতে হবে। উদ্দীপক পাঠ্যপুস্তক থেকে সরাসরি নেওয়া যাবে না। তবে উদ্দীপক অবশ্যই শিক্ষাক্রম/সিলেবাস/পাঠ্যপুস্তকের কোনো বিষয়বস্তুর আলোকে প্রণীত হতে হবে।
- উদ্দীপকে বর্ণিত বিষয়স্তুর আলোকেই চারটি প্রশ্ন (ক, খ, গ এবং ঘ অংশ) তৈরি করতে হবে।
- উদ্দীপকে কোনো প্রশ্নের উত্তর থাকবে না। বরং উদ্দীপক শিক্ষার্থীকে বিভিন্নভাবে চিন্তা করতে উৎসাহিত করবে।
- উদ্দীপক বিবেচনায় না রেখে 'ক' ও 'খ' অংশের উত্তর দেওয়া সম্ভব হতে পারে।
- উদ্দীপক বিবেচনায় না রেখে 'গ' ও 'ঘ' অংশের উত্তর দেওয়া সম্ভব হবে না।
- একটি সৃজনশীল প্রশ্নের প্রতিটি অংশ তার সাথে সংশ্লিষ্ট দক্ষতা পরিমাপের উপযোগী হতে হবে।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশ ('ক', 'খ', 'গ' ও 'ঘ' অংশ) উদ্দীপকের আলোকে গঠিত হলেও অংশসমূহ সংশ্লিষ্ট দক্ষতা পরিমাপের উপযোগী নাও হতে পারে। এ ক্ষেত্রে উদ্দীপক/প্রশ্ন সংশোধনের প্রয়োজন হয়।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশ ('ক', 'খ', 'গ' ও 'ঘ' অংশ) এমনভাবে প্রণয়ন করতে হবে যেন বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি না ঘটে।
- একটি সৃজনশীল প্রশ্নপত্র এমনভাবে প্রণয়ন করতে হবে যেন প্রশ্নপত্রের বিভিন্ন প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরের পুনরাবৃত্তি না ঘটে।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের পূর্ণ বা আংশিক উত্তরে (পূর্ণ বা আংশিক উত্তর বিভিন্নভাবে লেখা যেতে পারে) নম্বর প্রদান কী হবে তা প্রশ্ন প্রণয়নের সময় আগাম বিবেচনা করে নম্বর প্রদান নির্দেশিকা ঠিক করে নিতে হয়।
- সৃজনশীল প্রশ্নের কোনো অংশের উত্তর প্রদানের জন্য প্রয়োজনীয় জ্ঞান অর্থাৎ তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি অবশ্যই শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকে থাকতে হবে।
- সৃজনশীল প্রশ্ন তৈরির সময়ে কিছু ত্রুটি দৃষ্টিগোচর নাও হতে পারে। সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর তৈরি করার সময়ে প্রশ্নের সবলতা ও দুর্বলতা (ত্রুটি-বিচ্যুতি) দৃশ্যমান হবে এবং এর ভিত্তিতে প্রশ্ন সংশোধন করতে হবে।

প্রশিক্ষণ কার্যক্রম

কাজ-১: সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (১৩০ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–

- পূর্বের দিনের প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বণ্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রাপ্ত সৃজনশীল প্রশ্নপত্র থেকে ১টি প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটির কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্ন প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

কাজ-২: একসেট সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (২৪৫ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–

- পূর্বের অভিজ্ঞতার আলোকে প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সেটের অবশিষ্ট সৃজনশীল প্রশ্নগুলো পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- এক সেট যথার্থ প্রশ্নপত্র তৈরির লক্ষ্যে প্রয়োজন হলে নতুন প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সেটের অবশিষ্ট সৃজনশীল প্রশ্নে কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্নপত্র প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

পঞ্চম দিবস শেষে বাড়ির কাজ: প্রশিক্ষক প্রত্যেক দলের সদস্যদের মধ্যে সকল অধ্যায় বন্টন করে দিবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী তার জন্য বরাদ্দকৃত অধ্যায়/অধ্যায়সমূহ থেকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ৪টি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন / ১টি বর্ণনামূলক প্রশ্ন প্রণয়ন করবেন। সাধারণ শিক্ষাবোর্ডের শিক্ষক্ষকগণ বর্ণনামূলক প্রশ্ন এবং মাদ্রাসা শিক্ষাবোর্ডের শিক্ষকগণ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক দলকে পরবর্তী দিন সকল অধ্যায়ের সমন্বয়ে এক সেট (১৫/৭টি প্রশ্নের সমন্বয়ে) প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।

ষষ্ঠ দিবস: অধিবেশন ১,২,৩ ও ৪
(০৯:০০-০৫:০০)

প্রশিক্ষণের বিষয়	**:**	**সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্নের গঠন কাঠামো, প্রশ্ন প্রণয়ন এবং পরিশোধন**
শিখনফল	:	এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ- ● সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্নের গঠন কাঠামো ব্যাখ্যা করতে পারবেন; ● রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্ন প্রণয়ন এবং পরিশোধন করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল: সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
প্রশিক্ষণ উপকরণ : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

তথ্যপত্র

এসএসসি/সমমান ও দাখিল পরীক্ষার প্রশ্নের ধরন ও মানবন্টন বিষয়ে এনসিটিবি ২০২৫ সালে একটি নতুন নির্দেশনা জারী করে। নির্দেশনা অনুযায়ী বিভিন্ন বিষয়ে বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নের পাশাপাশি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন এবং বর্ণনামূলক প্রশ্ন পরীক্ষায় অন্তর্ভুক্ত হবে। হিসাববিজ্ঞানের ক্ষেত্রে ২০ নম্বরের একটি আর্থিক বিবরণী প্রস্তুতকরণের প্রশ্ন অন্তর্ভুক্ত করা হয়েছে। বিষয়ভিত্তিক প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন নিম্নরূপ-

বিষয়	বর্ণনামূলক প্রশ্ন
বাংলা ১ম পত্র (এসএসসি/সমমান)	● মোট বরাদ্দকৃত নম্বর ২০ ● সহপাঠ থেকে ৪টি প্রশ্ন থাকবে ● উপন্যাস থেকে ২টি, নাটক থেকে ২টি ● উপন্যাস থেকে ১টি, নাটক থেকে ১টি প্রশ্নের উত্তর লিখতে হবে ● প্রতিটি প্রশ্নের মোট নম্বর ১০ ● প্রতি প্রশ্নের ২টি অংশ, ক অংশের জন্য ৩ এবং খ অংশের জন্য ৭ নম্বর ***২০২৬ সালেরএসএসসি পরীক্ষায় শুধু উপন্যাস থেকে ৪টি প্রশ্ন থাকবে***

বিষয়	সংক্ষিপ্ত-প্রশ্ন উত্তর
এসএসসি/সমমান এবং দাখিল পর্যায় গণিত, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, পৌরনীতি ও নাগরিকতা **শুধু এসএসসি/সমমান পর্যায়** বিজ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, অর্থনীতি, ভূগোল ও পরিবেশ, ব্যবসায় উদ্যোগ, ফিন্যান্স ও ব্যাংকিং, ইসলাম শিক্ষা, হিন্দুধর্ম শিক্ষা, বৌদ্ধধর্ম শিক্ষা, খ্রীষ্টধর্ম শিক্ষা **শুধু দাখিল পর্যায়** বাংলা ১ম পত্র, ইসলামের ইতিহাস	● মোট বরাদ্দকৃত নম্বর ২০ ● মোট ১৫টি প্রশ্ন থাকবে ● যেকোনো ১০টি প্রশ্নের উত্তর লিখতে হবে ● প্রতিটি প্রশ্নের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে
এসএসসি/সমমান এবং দাখিল পর্যায় পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, কৃষিশিক্ষা, উচ্চতর গণিত, গার্হস্থ্যবিজ্ঞান	● মোট বরাদ্দকৃত নম্বর ১০ ● মোট ৭টি প্রশ্ন থাকবে ● যেকোনো ৫টি প্রশ্নের উত্তর লিখতে হবে ● প্রতিটি প্রশ্নের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে

সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয়

১. শিখনফল: সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রতিটি প্রশ্ন অবশ্যই শিখনফলের আলোকে হতে হবে। প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে প্রশ্নটি যেন শিখনফল সংশ্লিষ্ট উপযুক্ত দক্ষতা স্তর ও বিষয়বস্তুর গভীরতাকে পরিমাপ করতে পারে তা নিশ্চিত করতে হবে। বাংলার ক্ষেত্রে 'পঠিত বিষয়ের বক্তব্য নিজের ভাষায় বর্ণনা করতে পারবে।' অথবা 'গল্প/উপন্যাস পড়ে তার বিষয়বস্তু, মূল বক্তব্য ও চরিত্র বিশ্লেষণ করতে পারবে।' এ ধরনের শিখনফলকে বর্ণনামূলক প্রশ্ন প্রণয়নের সময় বিবেচনা করা যেতে পারে।

২. দক্ষতা স্তর: সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের ক্ষেত্রে অনুধাবন বা ব্যাখ্যা করার সক্ষমতা এবং প্রয়োগ করার সক্ষমতা যাচাই করতে হবে। প্রশ্নটি যেন সংশ্লিষ্ট দক্ষতা স্তর মূল্যায়নের উপযোগী হয় তা নিশ্চিত করতে হবে। প্রয়োগ দক্ষতা যাচাই করার জন্য সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়ন করতে চাইলে প্রশ্নে ১/২ বাক্যে পরিস্থিতি তৈরি করতে হবে। তবে প্রয়োজন হলে কিছু ক্ষেত্রে জ্ঞান দক্ষতা বা স্মরণ করার সক্ষমতা যাচাইয়ের জন্যও সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন করা যেতে পারে। তবে এটি সংশ্লিষ্ট বিষয়ের প্রকৃতির ওপর নির্ভর করে।

বর্ণনামূলক প্রশ্নের মাধ্যমে অনুধাবন বা ব্যাখ্যা করার সক্ষমতা বা তার চেয়েও উচ্চতর দক্ষতা যাচাই করা উচিত। প্রাসঙ্গিকভাবে বিষয়বস্তু উপস্থাপনের সক্ষমতা, উপযুক্ত শব্দচয়ন ও আনুষ্ঠানিক ভাষা ব্যবহারের সক্ষমতা, বাক্যগঠন, যতিচিহ্ন ও বানানের সঠিক ব্যবহারে সক্ষমতা যাতে বর্ণনামূলক প্রশ্নের মাধ্যমে যাচাই করা যায় তা প্রশ্ন প্রণয়নের সময় বিবেচনায় রাখতে হবে।

৩. সময় ও উত্তরের পরিধি: সংক্ষিপ্ত উত্তর প্রশ্নটি এমন হতে হবে যাতে ৩ থেকে ৪ মিনিটের মধ্যে শিক্ষার্থী প্রশ্নটির উত্তর লিখতে পারে। উত্তরের পরিধি বিবেচনায় এই ধরনের প্রশ্নের প্রত্যাশিত উত্তর ৫ বাক্যের অধিক হওয়া উচিত নয়। গণিত, উচ্চতর গণিত বা হিসাববিজ্ঞানের মতো বিষয়ে গাণিতিক সমস্যা সমাধানের প্রত্যাশিত নমুনা উত্তরে ২টির অধিক ধাপ (Stepping) বিবেচনা করা যাবে না। বর্ণনামূলক প্রশ্নটি এমন হতে হবে যাতে ১৫-১৮ মিনিটের মধ্যে শিক্ষার্থী চিন্তা করে প্রশ্নটির উত্তর লিখতে পারে।

৪. রুব্রিক্স ও নমুনা উত্তর: প্রশ্ন তৈরির সময়ই সম্ভাব্য রুব্রিক্স ও নমুনা উত্তর বিবেচনা করতে হবে। এর ফলে প্রশ্নটির প্রত্যাশিত দক্ষতাস্তর, সময় ও উত্তরের পরিধির সাথে প্রশ্নটি কতটা সামঞ্জস্যপূর্ণ তা আরও দৃশ্যমান হয় এবং কী কী সংশোধন করা প্রয়োজন তা স্পষ্টভাবে বোঝা যায়। **[সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্নের উদাহরণ: পরিশিষ্ট-ড এবং রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্ন: পরিশিষ্ট-'ঢ']**

প্রশিক্ষণ কার্যক্রম

কাজ-১: সংক্ষিপ্ত উত্তর ওবর্ণনামূলক প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয়সমূহ। (৪৫মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-

- তথ্যপত্রটি নীরবে পাঠ করতে বলবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে এসএসসি/সমমান ও দাখিল পরীক্ষার প্রশ্নের ধরন ও মানবন্টন বিষয়ে এনসিটিবির নতুন পরিপত্র সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণা স্পষ্ট করবেন;
- সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্নের গঠন কাঠামো সম্পর্কে প্রশিক্ষণার্থীদের কোনো প্রশ্ন থাকলে তা উপস্থাপন করতে বলবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয় সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণা স্পষ্ট করবেন;
- প্রয়োজনে তথ্যপত্রের সহায়তা নিবেন।

কাজ-২: সংক্ষিপ্ত উত্তর ওবর্ণনামূলক প্রশ্ন প্রণয়ন, উপস্থাপন ও পরিশোধন। (৭৫ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক

- পূর্বে গঠিত দলে বসে বাড়ির কাজে প্রণীত সংক্ষিপ্ত উত্তর/ বর্ণনামূলক প্রশ্নগুলো নিয়ে আলোচনা করে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন (সাধারণ শিক্ষাবোর্ডের শিক্ষক্ষকগণ বর্ণনামূলক প্রশ্ন এবং মাদ্রাসা শিক্ষাবোর্ডের শিক্ষকগণ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন সংশোধন করবেন);
- প্রতি দল থেকে ঐকমত্যের ভিত্তিতে ১টি সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্ন চূড়ান্ত করে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ পোস্টার তৈরি করতে বলবেন;
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিমার্জন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিমার্জন করে দিবেন।

কাজ-৩: একসেট সংক্ষিপ্ত উত্তর ও বর্ণনামূলক প্রশ্ন চূড়ান্তকরণ (৭৫ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–

- পূর্বের অভিজ্ঞতার আলোকে প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ অবশিষ্ট প্রশ্নগুলো পরিশোধন করে সংক্ষিপ্ত উত্তর/বর্ণনামূলক প্রশ্নের ১টি সেট তৈরি করতে বলবেন;
- দলে বসে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ দলের সবগুলো প্রশ্ন আলোচনা করে পূর্বের অভিজ্ঞতার ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১ সেট সংক্ষিপ্ত উত্তর/বর্ণনামূলক প্রশ্ন চূড়ান্ত করে খামে ভরে জমা দিতে বলবেন। (প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)

কাজ-৪: একসেট সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন পরিশোধন (১৮০ মিনিট)

এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–

- প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বণ্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রাপ্ত সংক্ষিপ্ত উত্তর/বর্ণনামূলক প্রশ্নপত্রটি পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রশ্নপত্রটির কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্ন প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

পরিশিষ্ট

পরিশিষ্টঃ 'ক'

শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

লক্ষ্য

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

উদ্দেশ্য

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।

২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।

৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।

৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।

৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।

৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলা।

৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।

৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।

৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।

১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।

১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।

১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।

১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাধি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।

১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।

১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।

১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকান্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।

১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।

১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

বিষয়ঃ বাংলা

বিষয়ভিত্তিক উদ্দেশ্য

১. বাংলা ভাষার বৈশিষ্ট্য ও গুরুত্ব সম্পর্কে ধারণা অর্জন করা।

২. বাংলা ভাষার বিভিন্ন উপাদান ও অন্তর্নিহিত শৃঙ্খলা সম্পর্কে ধারণা সংহত করা এবং তা প্রয়োগে সক্ষম হওয়া।

৩. প্রমিত বাংলা ভাষা ব্যবহারে অধিকতর দক্ষতা, দৃঢ়তা ও সংহতি অর্জন করা।

৪. প্রায়োগিক ও কর্মমুখী ভাষাদক্ষতা অর্জনে সক্ষম হওয়া।

৫. পাঠাভ্যাসে আগ্রহী হওয়া ও পঠিত বিষয়ের মর্ম অনুধাবনে সক্ষম হওয়া।

৬. বাংলা সাহিত্য পাঠের মাধ্যমে সাহিত্যের বিভিন্ন রূপশ্রেণি সম্পর্কে ধারণা লাভ এবং সেগুলোর মর্মোপলব্ধি ও রসাস্বাদনে সামর্থ্য অর্জন করা।

৭. অনুসন্ধিৎসা, কল্পনাশক্তি ও সৃজনশীলতার বিকাশ সাধনে সক্ষম হওয়া।

৮. নৈতিক, সামাজিক মূল্যবোধ ও চারিত্রিক গুণাবলি অর্জন করা।

৯. ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের চেতনার আলোকে দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্বুদ্ধ হওয়া।

১০. অসাম্প্রদায়িক মনোভাব ও মানবিক মূল্যবোধে উজ্জীবিত হওয়া।

১১. বাংলার সংস্কৃতি, লোকসংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে ধারণা লাভ এবং মমত্বের মনোভাব অর্জন করা।

১২. আর্থ-সামাজিক শ্রেণি-পেশা, শিশু-নারী-পুরুষ, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি নির্বিশেষে সকলের প্রতি সংবেদনশীলতা ও সমমর্যাদার মনোভাব অর্জন করা।

১৩. পরিবেশ-চেতনা, বিজ্ঞানমনস্কতা ও বৈশ্বিক দৃষ্টিভঙ্গি অর্জন করা।

পরিশিষ্ট: 'খ-২'

মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল
বিষয় : বাংলা ১ম পত্র

১. বাংলা ভাষা শিক্ষা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. বাংলা ভাষার বিভিন্ন রূপ ও রীতি সম্পর্কে ধারণা ব্যক্ত করতে পারবে।	বাংলা ভাষার পরিচয়
২. আঞ্চলিক ভাষা বা উপভাষা সম্পর্কে ধারণা ব্যক্ত করতে পারবে।	উপভাষা
৩. নির্বাচিত পাঠের মাধ্যমে বাংলা ভাষার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।	নির্বাচিত পাঠ
৪. জীবনের সর্বস্তরে বাংলা ভাষার গুরুত্ব প্রকাশ করতে পারবে।	বাংলা ভাষার গুরুত্ব

১. বাংলা ভাষায় ব্যাকরণ

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. বাংলা ধ্বনিসমূহের পরিচয় (উচ্চারণের স্থান ও রীতি অনুযায়ী) বর্ণনা করতে পারবে। ২. বাংলা ধ্বনিগুলোর উচ্চারণের নিয়ম বর্ণনা করতে পারবে। ৩. প্রমিত বাংলা বানানের নিয়ম প্রয়োগ করতে পারবে। ৪. বাংলা শব্দের প্রকারভেদ শনাক্ত করতে পারবে। বাংলা শব্দ গঠনের উপায়গুলো বর্ণনা করতে পারবে। ৫. বাংলা বাক্যের বৈশিষ্ট্য ও প্রকারভেদ সম্পর্কে ধারণা ব্যক্ত করতে পারবে। ৬. প্রমিত উচ্চারণে বাংলা ভাষায় কথা বলতে পারবে। **বুদ্ধিবৃত্তিক** ৭. বিষয় ও ভাববস্তু অনুযায়ী উপযুক্ত শব্দ প্রয়োগ করতে পারবে। ৮. বিষয় ও ভাববস্তু অনুযায়ী শুদ্ধ বাক্য প্রয়োগ করতে পারবে। ৯. বাংলা ব্যাকরণিক শব্দশ্রেণি (পদ) সম্পর্কিত ধারণা ব্যক্ত করতে পারবে। ১০. বাংলা বিভক্তির ব্যবহার সম্পর্কে ধারণা ব্যক্ত করতে ও তা প্রয়োগ করতে পারবে। ১১. বাংলা বাক্যে বিরামচিহ্ন যথাযথভাবে প্রয়োগ করতে পারবে। ১২. বিশিষ্টার্থক বাংলা শব্দ প্রয়োগ করতে পারবে। ১৩. অর্থগত বিভিন্নতা অনুযায়ী শব্দ প্রয়োগ করতে পারবে।	• বাংলা ধ্বনি পরিচয় • ধ্বনির উচ্চারণরীতি • প্রমিত বাংলা বানানের নিয়ম • বাংলা শব্দ পরিচয় • শব্দ গঠন • বাংলা বাক্য পরিচয় প্রমিত উচ্চারণ • শব্দ প্রয়োগ • বাক্য প্রয়োগ • বাংলা পদ পরিচয় • বাংলা বিভক্তি • বিরামচিহ্ন • বিশিষ্টার্থক শব্দ • সমার্থক ও ভিন্নার্থক শব্দ

২. ব্যাকরণ ও নির্মিতি

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. দৈনন্দিন বা ব্যবহারিক জীবনে যোগাযোগের মাধ্যম হিসেবে প্রমিত বাংলা ভাষা ব্যবহারের গুরুত্ব ব্যক্ত করতে পারবে। ২. প্রমিত বাংলা ভাষা ব্যবহার করে শ্রুত বা পঠিত অংশের মর্ম ব্যক্ত করতে পারবে। ৩. অনুচ্ছেদ ও রচনা লেখার ক্ষেত্রে বিষয় অনুসারে যথাযথ শব্দ ব্যবহার করতে ৪. পারবে। ৫. বাক্যে বাগ্‌ধারা, প্রবাদ-প্রবচন ব্যবহার করতে পারবে।	• প্রমিত বাংলা ভাষা ব্যবহারের গুরুত্ব • প্রমিত বাংলায় শ্রুত বিষয়ের মর্ম ব্যক্তকরণ • যথাযথ শব্দ প্রয়োগ • বাগ্‌ধারা, প্রবাদ-প্রবচন

৩. বাংলা ভাষার প্রায়োগিক ক্ষেত্র

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. অভিধানের ব্যবহার জেনে তা প্রয়োগ করতে পারবে। ২. দৈনন্দিন ব্যবহারিক প্রয়োজনে চিঠিপত্র, দরখাস্ত, খুদেবার্তা, ই-মেইল ইত্যাদি লিখতে পারবে। ৩. প্রুফ সংশোধনের পদ্ধতি শিখে তা প্রয়োগকরতে পারবে। ৪. দেয়ালপত্র (পোস্টার), বিলবোর্ড, বিজ্ঞাপন ইত্যাদির পাঠ প্রস্তুত করতে পারবে। ৫. সারসংক্ষেপণ তৈরি করতে পারবে। ৬. সংবাদপত্রে প্রকাশের জন্য প্রতিবেদন তৈরি করতে পারবে। **মনোপেশিজ** ৭. বিদ্যালয়ে দেয়ালিকা, স্মরণিকা, বার্ষিক পত্রিকা ইত্যাদি সম্পাদনার কাজে অংশ নিতে পারবে।	• অভিধান ব্যবহার • সংশ্লিষ্ট বিষয় • প্রুফ সংশোধন • সংশ্লিষ্ট পাঠ • সারসংক্ষেপণ • প্রতিবেদন • সম্পাদনা

***তারকা পুরস্কার পদ্ধতি :** শিক্ষার্থীদের মধ্যে আনন্দজনক, প্রতিযোগিতামূলক, উৎসাহব্যাঞ্জক ও তৎপরতা সৃষ্টির জন্য দলগত কাজের ক্ষেত্রে তারকা পুরস্কার প্রবর্তন করা যায়। তারকা পুরস্কার প্রদানের পদ্ধতি হল- দল সংখ্যা যত হবে শ্রেষ্ঠ দল ততটি তারকা পুরস্কার পাবে। এর পর মানের ক্রম অনুযায়ী প্রতিটি দলের জন্য একটি করে তারকা কমে যাবে। সর্বশেষ দলটি একটি মাত্র তারকা পুরস্কার পাবে।

৪. বাংলা ভাষা চর্চা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. পাঠ্যসূচি বহির্ভূত বই-পুস্তক ও পত্র- পত্রিকা পড়ে বিষয়বস্তু ও মর্ম ব্যক্ত করতে পারবে। ২. পাঠের সঙ্গে সংগতিপূর্ণ রচনা পড়ে তুলনামূলক আলোচনা করতে পারবে।	• পাঠ্যসূচি বহির্ভূত পঠনীয় উপাদান • পাঠ্যসূচি বহির্ভূত পঠনীয় উপাদান

৫. বাংলা সাহিত্যের রূপশ্রেণি

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. সাহিত্যের বিভিন্ন রূপশ্রেণির পরিচয় দিতে পারবে। ২. কবিতার সাধারণ বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। ৩. কবিতা পড়ে তার মূলভাব বিশ্লেষণ করতে পারবে। ৪. ছোটগল্পের সাধারণ বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। ৫. ছোটগল্প পড়ে তার বিষয়বস্তু, বক্তব্য ও চরিত্র বিশ্লেষণ করতে পারবে। ৬. উপন্যাসের সাধারণ বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। ৭. উপন্যাস পড়ে তার বিষয়বস্তু, বক্তব্য ও চরিত্র ব্যাখ্যা করতে পারবে। ৮. নাটকের সাধারণ বৈশিষ্ট্য বর্ণনা	• সাহিত্যের রূপশ্রেণি • কবিতার সাধারণ বৈশিষ্ট্য • ছোটগল্পের সাধারণ বৈশিষ্ট্য • নিসর্গ বিষয়ক গল্প • উপন্যাসের সাধারণ বৈশিষ্ট্য • মুক্তিযুদ্ধ বিষয়ক উপন্যাস • নাটকের সাধারণ বৈশিষ্ট্য • নির্বাচিত নাটক • সংকলিত প্রবন্ধ

শিখনফল	বিষয়বস্তু
করতে পারবে। ৯. নাটক পড়ে তার বিষয়বস্তু, ঘটনাধারা, চরিত্র বিশ্লেষণ করতে পারবে। ১০. প্রবন্ধ পড়ে তার বক্তব্য নিজের ভাষায় বর্ণনা করতে পারবে।	

৬. বাংলা ভাষায় সৃজনশীলতা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. অনুসন্ধিৎসু হয়ে নতুন নতুন শব্দ শুনতে এবং তার তালিকা প্রণয়ন করতে পারবে। ২. পরিচিত জগৎ ও নিজের অভিজ্ঞতার বিষয় ব্যক্ত করতে পারবে। ৩. আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, ধারাবাহিক গল্প বলা, বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ, সঞ্চালনা ও উপস্থাপনা করতে পারবে। ৪. ছড়া, কবিতা, গল্প, প্রবন্ধ লেখার প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। ৫. দেয়াল পত্রিকা, স্কুল ম্যাগাজিন ও কিশোর পত্রিকায় প্রকাশের জন্য লেখা তৈরি করতে পারবে। ৬. প্রমিত বাংলায় শিশু-কিশোর উপযোগী সংবাদ পরিবেশন/ উপস্থাপন করতে পারবে। ৭. দিনলিপি লিখতে ও তাতে নিজের মনোভাব প্রকাশ করতে পারবে।	• সংশ্লিষ্ট বিষয় • সংশ্লিষ্ট বিষয় • সংশ্লিষ্ট বিষয় • সংশ্লিষ্ট বিষয় • সংশ্লিষ্ট বিষয় • সংবাদ উপস্থাপনা • দিনলিপি লিখন

৭. বাংলা ভাষা ও সাহিত্যে মূল্যবোধ

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. ন্যায়, সততা, সৌজন্য, সদাচার ইত্যাদি নৈতিক মূল্যবোধের পরিচয় দিতে পারবে। ২. অন্যায়, অসত্য ও দুর্নীতির বিরুদ্ধে মতামত ব্যক্ত করতে পারবে। ৩. অপরের প্রতি শ্রদ্ধাবোধ ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখার গুরুত্ব বর্ণনা করতে পারবে। ৪. সামাজিক জীবনে গঠনমূলক বিভিন্ন কাজে অংশগ্রহণের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ৫. অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, শিষ্টাচার ইত্যাদি চারিত্রিক গুণাবলির গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।	• ন্যায়পরায়ণতা, সততা • দুর্নীতি ও এর প্রতিকার • সম্প্রীতি, পরমতসহিষ্ণুতা • সামাজিক উন্নয়ন, • সামাজিক অনুষ্ঠান • অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, শিষ্টাচার

৮. বাংলা ভাষা ও সহিত্যে দেশপ্রেম

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. মহান ভাষা আন্দোলনের আলোকে মাতৃভাষাপ্রীতি, দেশপ্রেম ও জাতীয়তাবোধের পরিচয় দিতে পারবে। ২. মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশ গঠনে সক্রিয় হওয়ার গুরুত্ব ব্যক্ত করতে পারবে। ৩. মুক্তিযোদ্ধাদের সংগ্রামী দেশপ্রেমিক ভূমিকার প্রতি শ্রদ্ধা প্রদর্শনে উদ্বুদ্ধ হবে। ৪. মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধের চেতনা সম্পর্কে অনুভূতি ব্যক্ত করতে পারবে।	• ভাষাআন্দোলন • মুক্তিযুদ্ধ • মুক্তিযুদ্ধের গল্প

৯. বাংলা ভাষা ও সাহিত্যে মানবিকতা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. মানব জীবনে অসাম্প্রদায়িক চেতনার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ২. জাতি-ধর্ম-বর্ণ-গোত্র নির্বিশেষে সকল মানুষের প্রতি মমতা ও প্রীতির মনোভাব প্রদর্শনের গুরুত্ব ব্যক্ত করতে পারবে। ৩. মানবতাবিরোধী কাজের সঙ্গে মানবিক মূল্যবোধের তুলনা করতে পারবে।	• অসাম্প্রদায়িক চেতনা • মানবজাতি • মানবতা

১০. বাংলা ভাষা ও সাহিত্যে লোকজ উপাদান

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. বাংলার সংস্কৃতি ও লোকসংস্কৃতির পরিচয় দিতে পারবে। ২. বিভিন্ন সাংস্কৃতিক ও লোকজ অনুষ্ঠান দেখে ও শুনে বর্ণনা ও অনুভূতি প্রকাশ করতে পারবে। ৩. বাংলার গুরুত্বপূর্ণ ঐতিহ্যের পরিচয় তুলে ধরতে পারবে। ৪. বাংলার সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতি মমত্বের মনোভাব প্রকাশ করতে পারবে।	• বাংলার সংস্কৃতি ও লোক সংস্কৃতি • সাংস্কৃতিক ও লোকজ অনুষ্ঠান • বাংলার ঐতিহ্যের পরিচয় • সংস্কৃতি ও ঐতিহ্য

১১. বাংলা ভাষা ও সাহিত্যে নানা শ্রেণি-পেশার মানুষ

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. আর্থ-সামাজিক শ্রেণি- পেশার মানুষের প্রতি শ্রদ্ধা, মমত্বের মনোভাব প্রকাশ করতে পারবে। ২. শিশুর প্রতি সংবেদনশীল আচরণের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ৩. নারী এবং নারীর কর্ম ও জীবিকার প্রতি শ্রদ্ধার মনোভাব প্রকাশ করতে পারবে। ৪. ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতি সমমর্যাদার মনোভাব প্রকাশ করতে পারবে। ৫. বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সংবেদনশীল হওয়ার গুরুত্ব ব্যক্ত করতে পারবে।	• বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ • শিশুর প্রতি সংবেদনশীলতা • নারীর প্রতি শ্রদ্ধা • ক্ষুদ্র-নৃগোষ্ঠী • বিশেষ চাহিদাসম্পন্ন মানুষ

১২. বাংলা ভাষা ও সাহিত্যে পরিবেশ

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. পরিবেশ সচেতনতার পরিচয় দিতে পারবে। **আবেগীয়** ২. অপর জাতি, দেশ ও তার সংস্কৃতির প্রতি শ্রদ্ধার মনোভাব প্রকাশ করতে পারবে। **বুদ্ধিবৃত্তিক** ৩. বৈশ্বিক চেতনার পরিচয় প্রদান করতে পারবে। ৪. জীবনের সর্বস্তরে বিজ্ঞানমনস্কতার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।	• পরিবেশ চেতনা • অপর দেশ ও সংস্কৃতি • বিশ্বাত্মবোধ • বিজ্ঞানমনস্কতা

পরিশিষ্ট: 'গ'

শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------/বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড

এসএসসি/দাখিল পরীক্ষা ২০.....

বিষয়: বিষয় কোড:

শিখনফল নং	গদ্য																		পদ্য																					নাটক			উপন্যাস		
	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ	MCQ	CQ	SQ/DQ
মোট																																													

বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়
বিষয়: বাংলা ১ম পত্র

১. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস কোনটি?
   ক. মৃণালিনী
   খ. দুর্গেশনন্দিনী
   গ. চন্দ্রশেখর
   ঘ. কপালকুণ্ডলা

২. নিচের কোন বৈশিষ্ট্যটি সুভা ও প্রকৃতি উভয়ের মাঝে বিরাজমান?
   ক. বিজন মহত্ত্ব
   খ. আত্মবিস্মৃতি
   গ. নিস্তব্ধ রঙ্গভূমি
   ঘ. অতলস্পর্শ

৩. 'মমতাদি' গল্প পাঠে শিক্ষার্থীরা কীসের প্রতি অনুপ্রাণিত হবে?
   ক. দরিদ্রদের যথার্থ সম্মান দেওয়ার
   খ. মানুষের সঙ্গে মানবিক আচরণ প্রকাশের
   গ. জাতি ভেদাভেদ না করার
   ঘ. মানুষে মানুষে প্রভেদ না করার

উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:
আমেরিকার শিক্ষাপ্রতিষ্ঠানে কৃষ্ণাঙ্গ শিক্ষার্থীরা শ্বেতাঙ্গ শিক্ষার্থীর চেয়ে বেশিমাত্রায় শাস্তি পায় এবং উচ্চতর পর্যায়ে ভালো বিষয়ে পড়ার সুযোগও কম পায়। আমেরিকান সিভিল রাইটস্ বিভাগের এক গবেষণা প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। অবশ্য তৎকালীন শিক্ষামন্ত্রী আর্নে ডানকান এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জোর তাগিদ দিয়েছেন।

৪. উদ্দীপকের মূলভাব 'মানুষ' কবিতার কোন চরণে ফুটে উঠেছে?
   ক. মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
   খ. তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবি
   গ. ক্ষুধার ঠাকুর দাঁড়ায়ে দুয়ারে পূজার সময় হলো
   ঘ. সব দেশে সব কালে ঘরে-ঘরে তিনি মানুষের জ্ঞাতি

৫. শিক্ষামন্ত্রীর পদক্ষেপে 'মানুষ' কবিতায় কাজী নজরুল ইসলামের যে প্রত্যাশার প্রতিফলন ঘটেছে তা হলো-
   i. সাম্যবাদ প্রতিষ্ঠা
   ii. বৈষম্য বিলোপ
   iii. ধর্মীয় ভন্ডামী রোধ
   নিচের কোনটি সঠিক
   ক. i ও ii
   খ. i ও iii
   গ. ii ও iii
   ঘ. i, ii ও iii

৬. শাহবাজপুরের জোয়ান কৃষকের নাম কী?
   ক. কেষ্ট দাস
   খ. সগীর আলী
   গ. রুস্তম শেখ
   ঘ. মতলব মিয়া

৭. শীতের সকালে কুয়াশা চাদরে মোড়া খেজুর গাছের তলে মাটির কলসে ভরা সেই টাটকা স্বাদের রসে পুচ্ছ ভরা উচ্ছ্বাস আমি পাই আম গাছের কাছে।
   উদ্দীপক ও 'আম-আটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি হলো–
   i. প্রকৃতি ঘনিষ্টতা
   ii. চিরায়ত শৈশব
   iii. অফুরান আনন্দ
   নিচের কোনটি সঠিক
   ক. i ও ii
   খ. i ও iii
   গ. ii ও iii
   ঘ. i, ii ও iii

৮. কবি 'বোশেখ' কবিতায় শোষকদের জন্য কোনটি কামনা করেছেন?
ক. নিষ্ঠুরতা
খ. নির্মমতা
গ. ক্ষতি
ঘ. ধ্বংস

৯. নিচের কোন চরণে হজরত উমর (রা.) এর সাম্যবাদী দৃষ্টিভঙ্গী প্রকাশ পেয়েছে?
ক. সিপাহ-সালারে, ইঙ্গিতে তব করিলে মামুলি সেনা
খ. ভৃত্য চড়িল উটের পৃষ্ঠে উমর ধরিল রশি
গ. বায়তুল-মাল হইতে লইয়া ঘৃত আটা নিজ হাতে
ঘ. অর্ধ পৃথিবী করেছ শাসন ধূলার তখতে বসি

১০. সর্বপ্রথম তপুর স্কালের মাঝখানের গর্তটা কার নজরে আসে?
ক. নাজিমের
খ. গল্পকথকের
গ. রাহাতের
ঘ. নতুন রুমমেটের

১১. 'প্রাণ' কবিতায় কবি কীসে বেঁচে থাকতে চেয়েছেন?
ক. সুন্দর ভুবনে
খ. পুষ্পিত কাননে
গ. মানবের মাঝে
ঘ. সংগীতের মাঝে

১২. রানার এর ক্লান্তশ্বাস কী ছুঁয়েছে?
ক. আকাশ
খ. মাটি
গ. রাত্রি
ঘ. প্রভাত

১৩. 'কার গোয়াল কে দেয় ধোয়া' - লেখক সৈয়দ মুজতবা আলী আবদুর রহমানের মাঝে কী দেখে এ কথা বলেছেন?
ক. শক্তিমত্তা
খ. কর্মকুশলতা
গ. আন্তরিকতা
ঘ. বুদ্ধিমত্তা

উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:

উদ্দীপক ১ :
'এই যে বিটপি শ্রেণি হেরি সারি সারি
কী আশ্চর্য শোভাময় যাই বলিহারি।'

উদ্দীপক ২ :
'সাগরের সৈকতে
কে যেন দূর হতে আমাকে ডেকে ডেকে যায়
পারি না যেতে তবু
শেকল বাঁধা এ দুটি পায়।'

১৪. উদ্দীপক ১– এর ভাবনার সাদৃশ্য রয়েছে 'নিমগাছ' গল্পের কার অনুভূতিতে?
ক. কবির
খ. কবিরাজের
গ. লেখকের
ঘ. লক্ষ্মী বউয়ের

১৫. উদ্দীপকে প্রতিফলিত ভাব ও 'নিমগাছ' গল্পের মূল বিষয় সমার্থক বলা যায় যে যুক্তিতে তা হলো –
i. নারীর আত্মোৎসর্গে
ii. নিমগাছের উপকারিতায়
iii. গৃহবধূর দায়িত্ববোধে
নিচের কোনটি সঠিক
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৬. আমার দেশের মানুষের মন কেমন?
ক. সহনীয়-নমনীয়
খ. আর্ত-ব্যথিত
গ. সাম্য-প্রীতির
ঘ. মুক্ত-উদার

১৭. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধ অনুসারে আমাদের দেশে গণতন্ত্র গঠিত হতে না পারার কারণ কী?
ক. অভিজাত সমাজের আত্মঅহমিকা
খ. তথাকথিত 'ছোটলোক'দের হীনমন্যতা
গ. সত্যিকার মানুষগুলোকে অবহেলা
ঘ. ভদ্র সম্প্রদায়ের অমানবিক অত্যাচার

১৮. 'জ্যৈষ্ঠে খরা, আষাঢ়ে ভরা
শস্যের ভার সহে না ধরা।'
উদ্দীপকটি পল্লিসাহিত্যের কোন উপাদানের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক. প্রবাদ প্রবচন
খ. খনার বচন
গ. ডাকের কথা
ঘ. বাঁধা বুলি

১৯. 'কেবল গাই পরীর গান' কথাটির দ্বারা ঝরনার কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে?
ক. নান্দনিকতা
খ. গতিময়তা
গ. উচ্ছ্বলতা
ঘ. শঙ্কাহীনতা

২০. প্রকৃতি তার আপন রূপ-রস-গন্ধ নিয়ে চিরকাল কেমন থাকে?
ক. রূপময়
খ. প্রাণময়
গ. বৈচিত্র্যময়
ঘ. রহস্যময়

২১. 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়'- 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে এ বোধটি কীসের পরিচায়ক?
ক. আত্মপ্রকাশের
খ. স্বাধীনতার
গ. মনুষ্যত্বের
ঘ. জীবসত্তার

২২. 'এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর' - 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে হযরত মুহম্মদ (স.) কাদের জন্য এ প্রার্থনা করেছিলেন?
ক. আরবের কোরাইশদের
খ. মক্কার পৌত্তলিকদের
গ. মদীনার অমুসলিমদের
ঘ. তায়েফের অত্যাচারকারীর

২৩. রৌদ্র-দগ্ধ ধানক্ষেত বৃষ্টির স্পর্শ পেতে চায় কেন?
ক. সতেজ হয়ে উঠতে
খ. নিঃসঙ্গতা দূর করতে
গ. বর্ষাকে স্বাগত জানাতে
ঘ. অতীতকে স্মরণ করতে

উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:
লালন শাহ'র গান যেন প্রতিটি মানুষের প্রাণের কথা বলে। অভিজ্ঞতার সাথে দর্শনের মিলন ঘটেছে তাঁর সব গানে। অথচ তিনি কোনো স্কুল কলেজে শিক্ষা নেননি। তাঁর সৃষ্টিকর্ম অসংখ্য ভক্ত-অনুরাগীকে উদ্বেলিত করছে আজও।

২৪. 'বই পড়া' প্রবন্ধের বক্তব্য অনুযায়ী লালন শাহকে বলা যায়-
ক. বিদ্যাদাতা
খ. দাতাকর্ণ
গ. স্বশিক্ষিত
ঘ. উত্তরসাধক

২৫. 'বই পড়া' প্রবন্ধের কোন কথাটি লালন অনুসারী-ভক্তদের ক্ষেত্রে প্রযোজ্য?
ক. সাহিত্যচর্চার সুফল সম্বন্ধে অনেকেই সন্দিহান
খ. আমরা জাত হিসেবে সৌখিন নই
গ. যথার্থ গুরু শিষ্যের আত্মাকে উদ্বোধিত করেন
ঘ. আজকের বাজারে বিদ্যাদাতার অভাব নেই

২৬. ‘প্রতীতি’ শব্দের অর্থ কী?

ক. আকাঙ্ক্ষা
খ. প্রত্যাশা
গ. বিশ্বাস
ঘ. অভিরুচি

২৭. ‘পাখিরা আমাকে চেনে’– চরটিতে কবি তাঁকে কোথায় খুঁজতে বলেছেন?

ক. ক্লান্ত বিকেলে
খ. জলজ বাতাসে
গ. দেশের মাটিতে
ঘ. নিসর্গের মাঝে

‘জানিনে তোর ধন রতন
আছে কি না রানীর মতন
শুধু জানি আমার অঙ্গ জুড়ায়
তোমার ছায়ায় এসে।’

২৮. উদ্দীপকে ‘কপোতাক্ষ নদ’ কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?

ক. স্মৃতিকাতরতা
খ. নিসর্গপ্রীতি
গ. স্বদেশপ্রেম
ঘ. স্বজাত্যবোধ

২৯. কবি ‘বন্দনা’ কবিতায় সবার কাছে বারবার দোয়া প্রার্থনা করেছেন কেন?

ক. কাব্য রচনায় সাফল্য লাভের জন্য
খ. জীবন-যুদ্ধে সাফল্য লাভের জন্য
গ. সমাজে সুনাম অর্জনের জন্য
ঘ. পৃথিবীতে অমরত্ব লাভের জন্য

৩০. গোলাম মোস্তফা সাহিত্যচর্চায় কোন ঐতিহ্য থেকে প্রেরণা লাভ করেন?

ক. লোকজ ঐতিহ্য
খ. প্রাচীন সাহিত্য
গ. পাশ্চাত্য সাহিত্য
ঘ. ইসলামি ঐতিহ্য

বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ
বিষয়: বাংলা ১ম পত্র
সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. অভাগীকে নদীর চূড়ার মাটি দিতে কাঙালিকে কে পরামর্শ দিয়েছিলেন?
   ক. অধর রায়
   খ. ঠাকুরদাস মুখুয্যে
   গ. ভট্টাচার্য মহাশয়
   ঘ. রসিক বাঘ

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২. 'নিরীহ বাঙালি' প্রবন্ধে 'পাস বিক্রয়' বলতে বোঝানো হয়েছে, পাসের বিনিময়ে-
   i শ্বশুড়বাড়ির কাছে নিজেকে বিকিয়ে দেয়া
   ii বিয়ে করে রাজকুমারী ও রাজত্ব লাভ করা
   iii ধনী শ্বশুড়ের সবকিছু লুট করে নেয়া

নিচের কোনটি সঠিক ?
   ক. i ও ii
   খ. i ও iii
   গ. ii ও iii
   ঘ. i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

সুমনের যখন দুই বছর বয়স তখন তার বাবা মারা গেলেন। স্বামী হারিয়ে সুমনের মা শায়লা চোখে অন্ধকার দেখলেন। আশে-পাশের সবাই আবারও বিয়ে করার পরামর্শ দিল, কেউ কেউ বিয়ে করার প্রস্তাব দিল এমনকি নানা উপদ্রবও করলো- কিন্তু তার এক কথা-'না'

৩. উদ্দীপকে অভাগীর স্বর্গ গল্পের প্রতিফলিত সমাজের যে বিশেষ দিকটি ফুটে উঠেছে, তা হলো-
   ক. দারিদ্র্য ও শ্রেণি বৈষম্য
   খ. গভীর মাতৃস্নেহ
   গ. নারীর নিরাপত্তাহীনতা
   ঘ. বহুবিবাহ

৪. উক্ত দিকটি থেকে উত্তোরণের জন্য প্রয়োজন-
   i যথাযথ আইন প্রয়োগ
   ii মানসিকতার পরিবর্তন
   iii সহানুভূতিশীল মনোভাব

নিচের কোনটি সঠিক ?
   ক. i ও ii
   খ. i ও iii
   গ. ii ও iii
   ঘ. i, ii ও iii

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪১৬ / ২২ নভেম্বর ২০০৯

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে ঃ

(ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।

(খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না

(ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রনয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

(খন্দকার রাকিবুর রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

বিতরণ ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচচ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

বিষয়: বাংলা ১ম পত্র বিষয় কোড : ১০১

স্বামী মারা যাওয়ার পর নাসিমা সংসারের ব্যয়ভার বহনের জন্য সফিক সাহেবের বাড়িতে কাজ নেয়। মালিকের মেয়েকে নিজের মেয়ের মতোই যত্ন করে। সেই মেয়ের সাথে তার গড়ে ওঠে এক গভীর সম্পর্ক।

১. উদ্দীপকের সাবিনার মধ্যে 'মমতাদি' গল্পের মমতার ফুটে ওঠা দিক হলো-
   i. স্নেহশীলতা
   ii. দরিদ্রতা
   iii. কর্মনিষ্ঠা

নিচের কোনটি সঠিক ?
   ক. i ও ii
   খ. i ও iii
   গ. ii ও iii
   ঘ. i, ii ও iii

২. পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল'-বলতে বোঝানো হয়েছে-
   i মানবসৃষ্ট সভ্যতার বিলীয়মান
   ii প্রাকৃতিক সৌন্দর্যের নিত্যতা
   iii মানুষের সৌন্দর্যবোধের চিরন্তন

নিচের কোনটি সঠিক ?
   ক. i ও ii
   খ. i ও iii
   গ. ii ও iii
   ঘ. i, ii ও iii

৩. 'কাকতাড়ুয়া' উপন্যাসে কোন শব্দটি মগজে ঠোক্কর খায়?
   ক. বোঝা
   খ. যুদ্ধ
   গ. কামাই
   ঘ. মুক্তি

৪. জাহানারা ইমাম রচিত গ্রন্থ-?
   ক. একাত্তরের দিনগুলি
   খ. গজকচ্ছপ
   গ. সাতটি তারার ঝিঁকিমিকি
   ঘ. উপরের সবগুলো

৫. অভাগীকে নদী চড়ায় সমাধিস্থ করার পরামর্শ কাঙালিকে যিনি দিয়েছিলেন, তিনি হলেন-
   ক. অধর রায়
   খ. ঠাকুর দাস মুখুয্যে
   গ. ভট্টাচার্য মহাশয়
   ঘ. রসিক বাঘ

৬. কোনটি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ নয়?
   ক. অগ্নি-বীণা
   খ. বিষের বাঁশি
   গ. এক পয়সার বাঁশি
   ঘ. সিন্দু-হিন্দোল

৭. কবি জসীমউদদীনের জন্মস্থান কোথায়?
   ক. ফরিদপুর
   খ. তাম্বুলখানা
   গ. রংপুর
   ঘ. পায়রাবন্দ

৮. ব্যবসায়ীরা নতুন বছর উপলক্ষে হালখাতা অনুষ্ঠান করে কোন উৎসবকে কেন্দ্র করে?
   ক. নবান্ন
   খ. মেলা
   গ. প্রদর্শনী
   ঘ. নববর্ষ

৯. কপোতাক্ষ নদ কবিতায় 'প্রজা' বলতে-
   ক. বঙ্গজজনকে বোঝানো হয়েছে
   খ. বঙ্গের সঙ্গীতকে বোঝানো হয়েছে
   গ. নদকে বোঝানো হয়েছে
   ঘ. সাগরকে বোঝানো হয়েছে

১০. 'আমরা, মুসলমানের আড়ঙ দেখিতে নাই'- পল্লীজননীর এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে?
   ক. দারিদ্র্যতা
   খ. সাম্রদায়িকতা
   গ. কুসংস্কারাচ্ছন্নতা
   ঘ. সন্তান বাৎসল্যতা

সপ্তম শ্রেণির ছাত্রী সোহানা স্কুল থেকে বাড়ি ফিরে দেখে তার বিয়ের আয়োজন চলছে। রাগে, ক্ষোভে সে কাউকে কিছু না বলে সোজা নিজের ঘরে গিয়ে গলায় ওড়না পেচিয়ে আত্মহত্যা করে।

১১. উদ্দীপকের সোহানা 'বহিপীর' নাটকের তাহেরার সাথে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ?
   i প্রতিবাদীসত্তায়
   ii বাল্যবিবাহে
   iii আত্মসচেতনতায়

নিচের কোনটি সঠিক ?
   ক. i ও ii
   খ. i ও iii
   গ. ii ও iii
   ঘ. i, ii ও iii

১২. হযরত মুহম্মদ (স.) এর চিত্তে কোনটি মূহুর্তের জন্যও স্থানলাভ করে নাই।
ক. বংশগৌরব
খ. অভিশাপচিন্তা
গ. অর্থচিন্তা
ঘ. নেতৃত্বের মর্যাদা

দরিদ্র নাজমুল বহু কষ্টে বিএ পাস করে সামান্য বেতনে চাকরি নেয়। উপরি আয়ের সুযোগ থাকলেও সে তা গ্রহণ করে না। বরং অফিস শেষে দুটো টিউশনি করে কোনভাবে সংসার চালায়।

১৩. উদ্দীপকের নাজমুলের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিক প্রতিফলিত হয়েছে তা হলো-
i. পশুসত্তা
ii মানবসত্তা
iii নির্লোভতা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৪. 'আমার পরিচয়' কবিতায় কবি বাংলার কোন পথ দিয়ে হাজার বছর চলেছেন?
ক. আলপথ
খ. নদীপথ
গ. রাজপথ
ঘ. বরেন্দ্রভূমি

১৫. 'ঝর্ণার গান' কবিতায় কোন পাখিকে 'ফটিক জল' বলা হয়েছে?
ক. শুক
খ. শালিক
গ. চকোর
ঘ. উপরের কোনটিই নয়

১৬. মমতাদির 'পর্দা ঠেলে বাইরে আসা' বলতে কী বোঝানো হয়েছে?
ক. পর্দা ছাড়া বাইরে আসা
খ. বেপরোয়া চলাফেরা করা
গ. জীবিকার সন্ধানে লাজ-লজ্জা ত্যাগ করে বাইরে আসা
ঘ. দ্বিধাহীন ঘুরে বেড়ানো

১৭. সৈয়দ শামসুল হক কতসালে জন্মগ্রহণ করেন?
ক. ১৯০৩
খ. ১৯৩৫
গ. ১৮৮২
ঘ. ১৮৬১

ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ
বিষয় : বাংলা ১ম পত্র বিষয় কোড : ১০১

ত্রুটিযুক্ত রূপ	ত্রুটিমুক্ত রূপ
উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।	
১. 'কাকতাড়ুয়া' উপন্যাসে কোন শব্দটি মগজে ঠোক্কর খায়? ক. বোঝা খ. যুদ্ধ গ. কামাই ঘ. মুক্তি	১. 'কাকতাড়ুয়া' উপন্যাসে কোন শব্দটি বুধার মগজে ঠোক্কর খায়? ক. বোঝা খ. যুদ্ধ গ. কামাই ঘ. মুক্তি

উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।	
২. অভাগীকে নদী চড়ায় সমাধিস্থ করার পরামর্শ কাঙালিকে যিনি দিয়েছিলেন, তিনি হলেন- ক. অধর রায় খ. ঠাকুর দাস মুখুয্যে গ. ভট্টাচার্য মহাশয় ঘ. রসিক বাঘ	২. অভাগীকে নদীর চড়ায় মাটিচাপা দিতে বলেছিলেন কে? ক. অধর রায় খ. ঠাকুর দাস মুখুয্যে গ. ভট্টাচার্য মহাশয় ঘ. রসিক বাঘ

উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।	
স্বামী মারা যাওয়ার পর নাসিমা সংসারের ব্যয়ভার বহনের জন্য সফিক সাহেবের বাড়িতে কাজ নেয়। মালিকের মেয়েকে নিজের মেয়ের মতোই যত্ন করে। সেই মেয়ের সাথে তার গড়ে ওঠে এক গভীর সম্পর্ক। ৩. উদ্দীপকের সাবিনার মধ্যে 'মমতাদি' গল্পের মমতার ফুটে ওঠা দিক হলো- i. স্নেহশীলতা ii. দরিদ্রতা iii. কর্মনিষ্ঠা নিচের কোনটি সঠিক? ক. i খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii	স্বামী মারা যাওয়ার পর সফিক সাহেবের বাড়িতে কাজ নেয় নাসিমা। কাজের ফাঁকে মালিকের ছোট মেয়েটির সাথে তার আত্মিকসম্পর্ক গড়ে ওঠে। ৩. উদ্দীপকের সাবিনার মধ্যে 'মমতাদি' গল্পের মমতার ফুটে ওঠা দিক হলো- i. স্নেহশীলতা ii. দরিদ্রতা iii. কর্মনিষ্ঠা নিচের কোনটি সঠিক? ক. i খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii
উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।	
৪. কপোতাক্ষ নদ কবিতায় 'প্রজা' বলতে- ক. বঙ্গজজনকে বোঝানো হয়েছে খ. বঙ্গের সঙ্গীতকে বোঝানো হয়েছে গ. নদকে বোঝানো হয়েছে ঘ. সাগরকে বোঝানো হয়েছে	৪. কপোতাক্ষ নদ কবিতায় 'প্রজা' বলতে কাকে বোঝানো হয়েছে? ক. বঙ্গজজনকে খ. বঙ্গের সঙ্গীতকে গ. নদকে ঘ. সাগরকে

উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হবে।	
৫. কোনটি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ নয়? ক. অগ্নি-বীণা খ. বিষের বাঁশি গ. এক পয়সার বাঁশি ঘ. সিন্দু-হিন্দোল	৫. জসীমউদ্‌দীন রচিত গ্রন্থ কোনটি? ক. অগ্নি-বীণা খ. বিষের বাঁশি গ. এক পয়সার বাঁশি ঘ. সিন্দু-হিন্দোল
উদ্দীপকে না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।	
৬. হযরত মুহম্মদ (স.) এর চিত্তে কোনটি মূহুর্তের জন্যও স্থানলাভ করে নাই। ক. বংশগৌরব খ. অভিশাপচিন্তা গ. অর্থচিন্তা ঘ. নেতৃত্বের মর্যাদা	৬. হযরত মুহম্মদ (স.) এর চিত্তে কোনটি মূহুর্তের জন্যও স্থানলাভ করে **নাই**। ক. বংশগৌরব খ. অভিশাপচিন্তা গ. অর্থচিন্তা ঘ. নেতৃত্বের মর্যাদা

উদ্দীপকে এমন কোন ইঙ্গিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।	
৭. ব্যবসায়ীরা নতুন বছর উপলক্ষে হালখাতা অনুষ্ঠান করে কোন উৎসবকে কেন্দ্র করে? ক. নবান্ন খ. মেলা গ. প্রদর্শনী ঘ. নববর্ষ	৭. ব্যবসায়ীরা হালখাতা অনুষ্ঠান করে কোন উৎসবকে কেন্দ্র করে? ক. নবান্ন খ. মেলা গ. প্রদর্শনী ঘ. নববর্ষ
নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।	
সপ্তম শ্রেণির ছাত্রী সোহানা স্কুল থেকে বাড়ি ফিরে দেখে তার বিয়ের আয়োজন চলছে। রাগে, ক্ষোভে সে কাউকে কিছু না বলে সোজা নিজের ঘরে গিয়ে গলায় ওড়না পেচিয়ে আত্মহত্যা করে। ৮. উদ্দীপকের সোহানা 'বহিপীর' নাটকের তাহেরার সাথে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? i. প্রতিবাদীসত্তায় ii. বাল্যবিবাহে iii. আত্মসচেতনতায় নিচের কোনটি সঠিক? ক. i খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii	সপ্তম শ্রেণির ছাত্রী সোহানা স্কুল থেকে বাড়ি ফিরে দেখে তার বিয়ের আয়োজন চলছে। কাউকে কিছু না বলে সোজা আবার স্কুলে যায়- সহপাঠী ও প্রধান শিক্ষকের সহযোগিতায় আইনের আশ্রয় নেয় এবং নিজের বিয়ে বন্ধ করে। ৮. উদ্দীপকের সোহানা 'বহিপীর' নাটকের তাহেরার সাথে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? i. প্রতিবাদীসত্তায় ii. বাল্যবিবাহে iii. আত্মসচেতনতায় নিচের কোনটি সঠিক? ক. i খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।	
৯. 'আমরা, মুসলমানের আড়ঙ দেখিতে নাই'-পল্লীজননীর এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে? ক. দারিদ্র্যতা খ. সাম্রদায়িকতা গ. কুসংস্কারাচ্ছন্নতা ঘ. সন্তান বাৎসল্যতা	৯. 'আমরা, মুসলমানের আড়ঙ দেখিতে নাই'-পল্লীজননীর এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে? ক. দরিদ্রতা/দারিদ্র্য খ. সাম্রদায়িকতা গ. কুসংস্কারাচ্ছন্নতা ঘ. সন্তানবাৎসল্য

বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।

১০. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল'-বলতে বোঝানো হয়েছে- i. মানবসৃষ্ট সভ্যতার বিলীয়মান ii. প্রাকৃতিক সৌন্দর্যের নিত্যতা iii. মানুষের সৌন্দর্যবোধের চিরন্তন নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii	১০. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল'-বলতে বোঝানো হয়েছে- i. মানবসৃষ্ট সভ্যতার বিলীয়মানতা ii. প্রাকৃতিক সৌন্দর্যের নিত্যতা iii. মানুষের সৌন্দর্যবোধের চিরন্তনতা নিচের কোনটি সঠিক? ক. i খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।

১১. 'আমার পরিচয়' কবিতায় কবি বাংলার কোন পথ দিয়ে হাজার বছর চলেছেন? ক. আলপথ খ. নদীপথ গ. রাজপথ ঘ. বরেন্দ্রভূমি	১১. 'আমার পরিচয়' কবিতায় কবি বাংলার কোন পথ দিয়ে হাজার বছর চলেছেন? ক. আলপথ খ. নদীপথ গ. রাজপথ ঘ. গ্রামীণপথ

বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।

১২. সৈয়দ শামসুল হক কতসালে জন্মগ্রহণ করেন? ক. ১৯০৩ খ. ১৯৩৫ গ. ১৮৮২ ঘ. ১৮৬১	১২. সৈয়দ শামসুল হক কতসালে জন্মগ্রহণ করেন? ক. ১৮৬১ খ. ১৮৮২ গ. ১৯০৩ ঘ. ১৯৩৫

বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।

১৩. মমতাদির 'পর্দা ঠেলে বাইরে আসা' বলতে কী বোঝানো হয়েছে? ক. পর্দা ছাড়া বাইরে আসা খ. বেপরোয়া চলাফেরা করা গ. জীবিকার সন্ধানে লাজ-লজ্জা ত্যাগ করে বাইরে আসা ঘ. দ্বিধাহীন ঘুরে বেড়ানো	১৩. মমতাদির পর্দা ঠেলে বাইরে আসা বলতে কী বোঝানো হয়েছে? ক. পর্দা ছাড়া বাইরে আসা খ. বেপরোয়া চলাফেরা করা গ. জীবিকার তাগিদে বের হওয়া ঘ. দ্বিধাহীন ঘুরে বেড়ানো

বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।

১৪. কবি জসীমউদদীনের জন্মস্থান কোথায়? ক. ফরিদপুর খ. তাম্বুলখানা গ. রংপুর ঘ. পায়রাবন্দ	১৪. কবি জসীমউদদীনের জন্মস্থান কোথায়? ক. তাম্বুলখানা খ. সাগরদাঁড়ি গ. পাড়াতলী ঘ. শংকরপাশা

বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।

দরিদ্র নাজমুল বহু কষ্টে বিএ পাস করে সামান্য বেতনে চাকরি নেয়। উপরি আয়ের সুযোগ থাকলেও সে তা গ্রহণ করে না। বরং অফিস শেষে দুটো টিউশনি করে কোনভাবে সংসার চালায়।	সন্তান নাজমুল বহু কষ্টে বিএ পাস করে সামান্য বেতনে চাকরী নেয়। উপরি আয়ের সুযোগ থাকলেও সে তা গ্রহণ করে না। বরং অফিস শেষে দুটো টিউশনি করে কোনভাবে সংসার চালায়।
১৫. উদ্দীপকের নাজমুলের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিক প্রতিফলিত হয়েছে তা হলো- i. পশুসত্তা ii মানবসত্তা iii নির্লোভিতা নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii	১৫. উদ্দীপকের নাজমুলের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিক প্রতিফলিত হয়েছে তা হলো- i. জীবসত্তা ii মানবসত্তা iii নির্লোভিতা নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে।

১৬. জাহানারা ইমাম রচিত গ্রন্থ-? ক. একাত্তরের দিনগুলি খ. গজকচ্ছপ গ. সাতটি তারার ঝিঁকিমিকি ঘ. উপরের সবগুলো	১৪. জাহানারা ইমাম রচিত গ্রন্থ-? ক. একাত্তরের দিনগুলি খ. সাতটি তারার তিমির গ. নীল লোহিত ঘ. লাল নীল দীপাবলি

বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে।

১৭. 'ঝর্ণার গান' কবিতায় কোন পাখিকে 'ফটিক জল' বলা হয়েছে? ক. শুক খ. শালিক গ. চকোর ঘ. উপরের কোনটিই নয়	১৪. 'ঝর্ণার গান' কবিতায় কোন পাখিকে 'ফটিক জল' বলা হয়েছে? ক. শুক খ. শালিক গ. চকোর ঘ. চাতক

পরিশিষ্ট: ঝ

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

..... শিক্ষাবোর্ড

এসএসসি/দাখিল ২০... খ্রিস্টাব্দ

বিষয় : বাংলা ১ম পত্র বিষয় কোড : ১০১

	গদ্য/পদ্য/নাটক/উপন্যাস														%
চিন্তন দক্ষতার স্তর														মোট প্রশ্ন সংখ্যা	
উচ্চতর দক্ষতা															
প্রয়োগ দক্ষতা															
অনুধাবন দক্ষতা															
জ্ঞান দক্ষতা															
মোট														**৩০**	

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------/বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড

পরীক্ষার নাম------------- ২০--- খ্রিস্টাব্দ

বিষয় : বাংলা ১ম পত্র বিষয় কোড : ১০১

বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	
২	
৩	
৪	
৫	
৬	
৭	
৮	
৯	
১০	
১১	
১২	
১৩	
১৪	
১৫	

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	
১৭	
১৮	
১৯	
২০	
২১	
২২	
২৩	
২৪	
২৫	
২৬	
২৭	
২৮	
২৯	
৩০	

পরিশিষ্ট: 'ট'

সৃজনশীল প্রশ্নের উদাহরণ

বিষয় : বাংলা ১ম পত্র বিষয় কোড : ১০১

ক-অংশ (গদ্য)

১. উদ্দীপক-১ : জীবিকার তাগিদে বিনু-বাদলের মা সেই ভোর বেলা বেরিয়ে যায়। কয়েক বাসায় কাজ করে তবেই বাড়ি ফেরা। ছেলে-মেয়েকে কবে নতুন জামা কাপড় কিনে দিয়েছে মনে পড়ে না তার। তাদের জন্য সকালের খাবার রাতের বাসিভাত রাখা আছে। তিনবেলার খাবার যোগাড় করতেই হিমশিম খেতে হয় তাকে।

উদ্দীপক-২ : এদিকে বোনকে নিয়ে বাদল সারাদিন মাঠে-ঘাটে, বনে-বাদাড়ে ঘুরে বেড়ায়। নাওয়া খাওয়ার কোন খবর নেই। কখনো নদীর ধারে কাশবনে হারিয়ে যায় ভাইবোন। কখনো বা খোলা মাঠে ঘুড়ি উড়ানো, গাছে উঠে পাখির ছানা যোগাড় করা-এই তাদের কাজ। বাড়ি ফিরেও মলিন বিছানায় শুয়ে ভাইবোনের সারাদিনের ঘুরে বেড়ানোর গল্পই চলে সারাক্ষণ।

ক. আম আঁটির ভেঁপু গল্পে অপুর কথা মাঝপথে থেমে গিয়েছিল কেন? ১
খ. 'চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের প্রথম অংশে 'আম আঁটির ভেঁপু' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের দ্বিতীয় অংশে প্রতিফলিত দিকটিই 'আম আঁটির ভেঁপু' গল্পের প্রধান বিষয়–বিশ্লেষণ করো। ৪

২. বাড়ির বারান্দাটা কুসুমের সবচেয়ে প্রিয়। বারান্দা বাগানের ফুল গাছের পরিচর্যা করতে সে পছন্দ করে। কুসুম দেখতে পায় না। তবু ফুলের সুবাসেই সে চিনতে পারে কোনটা কোন ফুলের গাছ। বারান্দায় বেশকিছু পাখিও আসে। কুসুম ওদের খাবার দেয়। পাখিগুলো খুব কাছে এলে ওদের সঙ্গে গুনগুনিয়ে গান গায়। কিন্তু অন্য কাউকে দেখলেই সেগুলো উড়ে যায়। মা কুসুমকে আড়াল করে রাখতে চাইলেও বাবা একটি বিশেষ স্কুলে ভর্তি করিয়ে দেয়। লেখাপড়ার পাশাপাশি কুসুম আবৃত্তি এবং গানের চর্চা করে। এক সময় গানের জন্য জাতীয় পর্যায়ে পুরস্কৃত হয়। চারদিকে তার সুনাম ছড়িয়ে পড়ে।

ক. সুভা গল্পে প্রতাপের প্রতি তার বাবা-মা বিরক্ত ছিলেন কেন? ১
খ. 'একটা অনির্দিষ্ট আশঙ্কা' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের কুসুমের মাঝে সুভার চরিত্রের কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে–ব্যাখ্যা করো। ৩
ঘ. 'আমাকে ভুলিলেই বাঁচি'–সুভার এই ভাবনা দূরীকরণে কুসুমের বাবার পদক্ষেপ অত্যন্ত জরুরি ও কার্যকর–বিশ্লেষণ করো। ৪

৩. দৃশ্য -১: পরীক্ষার ফি ও তিন মাসের বেতন বাকি পড়ায় ক্লাসের সবার সামনে আসামীর মতো দাঁড়াতে হলো শেফালীকে। সহপাঠীদের বক্র চাহনী তার বুকে তীরের মতো বিঁধতে লাগল। তার মনে হলো—'ধরণী দ্বিধা হও।' আর তখনই শেফালী সিদ্ধান্ত নিল—কারো বাসায় কাজ করে হলেও বেতন পরিশোধ করে লেখাপড়া চালিয়ে যাবে।

দৃশ্য-২: শেফালী তার প্রত্যাশা মতো কাজ পায় আমজাদ সাহেবের বাসায়। কাজের ফাঁকে ফাঁকে সে আমজাদ সাহেবের ছোট মেয়ে সীমার কাছে লেখাপড়া করে, নানা বিষয়ে গল্প-গুজব করে। এমনিভাবে তাদের মধ্যে গভীর সখ্য গড়ে ওঠে। সীমার দাদী এতে খুব খুশি হন। কিন্তু খুশি হন না মিসেস আমজাদ। তিনি এ নিয়ে মাঝে মধ্যেই শেফালীকে বকাঝকা করতেন এবং সীমাকে ওর সাথে মিশতে নিষেধ করতেন। সর্বশেষ যেদিন মিসেস আমজাদ এ নিয়ে শেফালীর গায়ে হাত তুলল, সেদিনই কাজ ছেড়ে চলে যায় শেফালী।

ক. মমতাদিকে 'ভারি চাপা' বলা হয়েছে কেন? ১

খ. 'গুরুনিন্দা বাঁচাতে মিথ্যা বলা' -কথাটির দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. দৃশ্য-১ এ শেফালীর মধ্যে 'মমতাদি' গল্পের মমতাদির যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. শেফালীর পরিণতি রোধে 'মমতাদি' গল্পের শিক্ষা আমজাদ সাহেবের পরিবারের সবার ক্ষেত্রে প্রযোজ্য বলে তুমি মনে কর কি? যুক্তি দাও। ৪

৪. ঈদের ছুটিতে শরীফ সাহেব পরিবারসহ গ্রামে এসেছেন। বেড়াতে আসবে শুনে বাল্যবন্ধু আজগর সাহেব পুঁথি পাঠের আয়োজন করেন। পুঁথি পাঠের আসরে এ গ্রামের ছেলে মন্তু 'মৈমনসিংহ গীতিকা' থেকে সুর করে পুঁথি পাঠ করে। এর বিচিত্র কাহিনি আর সুর সবাইকে মুগ্ধ করে। শরীফ সাহেবের ছেলে তার মাকে প্রশ্ন করে, 'মা এতদিন পুঁথি সম্পর্কে আমরা জানিনি কেন? প্রত্যুত্তরে মা বলেন, জানার জন্যই তো এবারের ছুটিতে আমরা গ্রামে এসেছি। অনুষ্ঠান শেষে শরীফ সাহেব বন্ধুকে বলেন, 'তোদের মত মানুষদের জন্য আজও পল্লিসাহিত্য টিকে আছে।'

ক. মুহম্মদ শহীদুল্লাহ্ এর অন্যতম কালজয়ী সম্পাদনা গ্রন্থের নাম কী? ১

খ. 'পল্লিসাহিত্য সম্পদের মধ্যে এই গানগুলি অমূল্য রত্নবিশেষ।' - লেখকের এ বক্তব্যের কারণ কী? ২

গ. শরীফ সাহেবের ছেলের পুঁথি সম্পর্কে না জানার কারণ কী? 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের প্রাবন্ধিকের প্রত্যাশা প্রতিফলিত হয়েছে কি? যৌক্তিক মত দাও। ৪

খ-অংশ (কবিতা)

৫. উদ্দীপক-১

বহুদিন পরে মনে পড়ে আজি পল্লী মায়ের কোল,
ঝাউশাখে যেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল।
কুলের কাঁটার আঘাত সহিয়া কাঁচাপাকা কুল খেয়ে
অমৃতের স্বাদ যেন লভিয়াছি গাঁয়ের দুলালী মেয়ে ॥

উদ্দীপক-২

যেদিন সরিয়া যাব তোমাদের কাছ থেকে দূর কুয়াশায়
চলে যাবো, সেদিন মরণ এসে অন্ধকারে আমার শরীর
ভিক্ষা করে লয়ে যাবে, সেদিন দুদন্ড এই বাংলার তীর
এই নীল বাংলার তীরে শুয়ে একা একা কী ভাবিব হায়!

ক. 'কপোতাক্ষ নদ' কবিতার অষ্টকের মিল বিন্যাস কীরূপ? ১

খ. কপোতাক্ষ নদকে 'দুগ্ধস্রোতরূপী' বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের প্রথম স্তবকে 'কপোতাক্ষ নদ' কবিতার কবির কোন অনুভূতির প্রকাশ ঘটেছে—ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের দ্বিতীয় স্তবকের বক্তব্যই মূলত 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাব —উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৬. মিলন সাহেব ঢাকায় একটি কুরিয়ার সার্ভিসে চাকুরি করেন। প্রতিদিন তাকে গ্রাহকের বিভিন টাকা-পয়সা ও মালামাল নিয়ে বের হতে হয়। একদিন মালামাল বিলি করার সময় তিনি ছিনতাইকারীদের কবলে পড়েন। প্রাণপণ লড়াই করে গ্রাহকের টাকা-পয়সা ও মালামাল রক্ষা করেন। হাতাহাতির এক পর্যায়ে তিনি এক ছিনতাইকারীকে চিনতে পারেন। ছিনতাইকারীটি আর কেউ নয়; তারই ছেলে পল্টু। এমতাবস্থায় ঘটনাস্থলে পুলিশ এলে মিলন সাহেব নিজ ছেলেকে পুলিশের হাতে তুলে দেন।

ক. হজরত উমর(রা.) কোথায় বসে অর্ধেক পৃথিবী শাসন করেছেন? ১

খ. 'বিশ্ব-বিজয়ী বীরেরে শাসিতে এতটুকু টলিলে না।' – বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. মিলন সাহেবের কর্মে 'উমর ফারুক' কবিতায় বর্ণিত হজরত উমর (রা.) এর চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আদর্শ মানুষ হতে হলে মিলন সাহেবকে হজরত উমর (রা.) চরিত্রের আর কী কী গুণ অর্জন করতে হবে? 'উমর ফারুক' কবিতা অবলম্বনে বিশ্লেষণ করো। ৪

৭. রিপন স্কুলের হোস্টেলের ধোপা। প্রতিদিন ছাত্রদের কাপড় ধোলাই করে রাতভর ইস্ত্রি করে ভোরে ছাত্রদের কাছে পৌঁছে দেয়। পরিষ্কার ধবধবে কাপড় পরে ছাত্ররা জাতীয় সংগীতে সারিবদ্ধভাবে দাঁড়ালে তার খুব ভালো লাগে। সে বৃহস্পতিবার বাড়ি যায় এবং শুক্রবার বিকেলে চলে আসে। তার অবহেলার কারণে কাউকে যেন ময়লা কাপড়ে স্কুলে যেতে না হয় না এ ব্যাপারে সে খুব সচেতন। একবার শীতের সময় খুব অসুস্থ অবস্থায় তাকে কাজ করতে দেখে হোস্টেল সুপার নিজে তাকে ছুটি দিয়ে দেন।

ক. দস্যুর চেয়েও রানার কোনটিকে ভয় পায়? ১

খ. 'পিঠেতে টাকার বোঝা, তবু এই টাকাকে যাবে না ছোঁয়া'– চরটি বুঝিয়ে লেখো। ২

গ. রিপনের কাজে 'রানার' কবিতার রানার চরিত্রের যে দিক ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. হোস্টেল সুপার 'রানার' কবিতার কবির প্রত্যাশা পূরণ করেছে কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৮. সুমন ও মামুন ঢাকায় বসবাস করে। বহু বছর পর সুমন বাড়ি ফিরলে গ্রামের লোকজন উৎসুক দৃষ্টিতে তার দিকে চেয়ে থাকে। সুমন তার বাল্যবন্ধু ফরিদকে জড়িয়ে ধরে; খোঁজ-খবর নেয়। তার ক্লান্ত চোখের চাহনি দেখে মর্মাহত হয়। আবার বাড়ির আমগাছে টিয়া-শালিক দেখে রোমাঞ্চিত হয়। অন্যদিকে মামুনের বাড়ি যাওয়ার সময়ই হয়ে ওঠে না। কল্পনায় সে জন্মস্থানের প্রতি টান অনুভব করলেও শহুরে চাকচিক্যকে সে আপন করে নিয়েছে।

ক. জমিলার মা কাদের প্রতিনিধি? ১

খ. 'আমি স্বাপ্নিক নিয়মে এখানেই থাকি' – বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. সুমনের ভাবনার সঙ্গে 'আমি কোনো আগন্তক নই' কবিতার কবির যে দিকের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. জন্মস্থানের প্রতি মামুনের টান ও 'আমি কোনো আগন্তুক নই' কবিতার কবির ভালোবাসা সমার্থক বলা যায় কি? যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

পরিশিষ্ট : 'ঠ'

সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর
বিষয় : বাংলা ১ম পত্র বিষয় কোড : ১০১

১. দশম শ্রেণির শিক্ষার্থী অমিত এবার জাতীয় স্কুল বিতর্কে সেরা বিতার্কিক হয়েছে, গণিত অলিম্পিয়াডেও সে সেরা। বাবা-মার কাছে বায়না ধরেছে- ঘটা করে এবার ওর জন্মদিনটা পালন না করে বরং সেই টাকা দিয়ে বইমেলা থেকে ওকে বেশ কিছু বই কিনে দেওয়া হোক। একথা শুনে ওর বড় ভাই সুমিত অট্টহাসিতে ফেটে পড়ে। সে বলে- "আরে বোকা, এভাবে পয়সা অপচয় করে কী লাভ? তার চেয়ে বরং আমার মত পাঠ্যবই মুখস্ত কর, কাজে দিবে। পরীক্ষায় ভালো ফল করতে পারবি, আর জন্মদিনে অনেক গিফটও পাবি।"

ক. যথার্থ গুরু কে? ১

খ. প্রাবন্ধিক লাইব্রেরিকে মনের হাসপাতালের সঙ্গে তুলনা করেছেন কেন? ২

গ. সুমিতের আচরণে 'বই পড়া' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. অমিত যেন 'বই পড়া' প্রবন্ধের প্রাবন্ধিকের যোগ্য প্রতিনিধি– মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

১(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(ক)	জ্ঞান	১	১	যথার্থ গুরুর সঠিক ধারণা লিখলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

যিনি শিষ্যের আত্মাকে উদ্‌বোধিত করেন এবং তার অন্তর্নিহিত সকল প্রচ্ছন্ন শক্তিকে মুক্ত এবং ব্যক্ত করে তোলেন, তিনি যথার্থ গুরু।

১(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(খ)	অনুধাবন	২	২	লাইব্রেরি কীভাবে মানসিক প্রফুল্লতা ও সুস্থতা তৈরি করে তা প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করলে।
			১	মানসিক প্রফুল্লতা ও সুস্থতা থাকার বিষয়টি উল্লেখ করলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

প্রাবন্ধিক লাইব্রেরিকে মনের হাসপাতালের সাথে তুলনা করেছেন, মানসিক প্রফুল্লতা ও সুস্থতার জন্য/প্রকৃত শিক্ষায় শিক্ষিত হবার জন্য/ স্বশিক্ষিত হবার জন্য/ স্বীয়শক্তি ও রুচি অনুসারে জ্ঞানচর্চার জন্য।

হাসপাতালে রুগ্ন দেহের চিকিৎসা করা হয়। কিন্তু লাইব্রেরিতে চিকিৎসা হয় মানুষের রুগ্ন মনের। অর্থাৎ একজন ব্যক্তি লাইব্রেরিতে গিয়ে স্বেচ্ছায় স্বচ্ছন্দ চিত্তে তার ভালোলাগা অনুযায়ী যখন বই পড়ে তখন তার মধ্যে মানসিক প্রশান্তি আসে। পাঠক এক্ষেত্রে সম্পূর্ণ স্বাধীন। স্বীয় শক্তি ও রুচি অনুসারে পাঠক যখন বই পড়ার সুযোগ পায়; তখন তার মনের অসুস্থতা দূর হয়ে যায়। এভাবে জ্ঞানার্জন হয় নিবিড় ও গভীর। তাই প্রাবন্ধিক লাইব্রেরিকে মনের হাসপাতালের সাথে তুলনা করেছেন।

১ (গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদন্ড/ বিবেচ্য বিষয়
১(গ)	প্রয়োগ	৩	৩	প্রচলিত শিক্ষাব্যবস্থার ত্রুটির দিকটি উদ্দীপক ও প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করলে।
			২	প্রচলিত শিক্ষাব্যবস্থার ত্রুটিসমূহ প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করলে।
			১	শুধু প্রচলিত শিক্ষাব্যবস্থার ত্রুটির দিকটি উল্লেখ করলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

সুমিতের আচরণে 'বই পড়া' প্রবন্ধের প্রচলিত শিক্ষাব্যবস্থার ত্রুটি/ জোর করে শিক্ষাদান/ বিদ্যা গেলানো/ শিক্ষা ব্যবস্থার নেতিবাচক দিকটি প্রতিফলিত হয়েছে।

'বই পড়া' প্রবন্ধে লেখকের মতে, আমাদের স্কুল কলেজে শিক্ষার্থীদের বিদ্যা গেলানো হয়। মাস্টার মহাশয়েরা নোট দেন আর সেই নোট মুখস্থ করে শিক্ষার্থীরা পরীক্ষায় উগরে এসে পাস করে। সার্টিফিকেট সর্বস্ব এ শিক্ষায় মুখস্থ বিদ্যায় পারদর্শী শিক্ষার্থীরা পরীক্ষায় ভালো করলেও প্রকৃত জ্ঞানার্জন হয় শূন্য । কেননা, শিক্ষার্থীর ভালো লাগা-মন্দ লাগা, পছন্দ-অপছন্দ, আগ্রহ-সামর্থ্য এখানে কোনো প্রকার গুরুত্ব পায়নি। স্কুল-কলেজে চাপিয়ে দিয়ে তাদেরকে শিক্ষার্জনে বাধ্য করা হয়। এ পদ্ধতিতে শিক্ষার্থীরা স্বশিক্ষিত হবার সুযোগ পায় না বিধায় তাদের জীবনীশক্তি হ্রাস পায়। লেখক তাই এ শিক্ষা ব্যবস্থাকে বাজিকরের বন্দুক-কামানের গুলি খেয়ে আবার তা উদগীরণ করার প্রাণান্তকর বাজির সাথে তুলনা করেছেন। এ ধরনের শিক্ষা পদ্ধতিতে শিক্ষার্থীর আত্মার মৃত্যু ঘটে।

উদ্দীপকের সুমিতের আচরণেও দেখা যায় মুখস্থ বিদ্যার প্রভাব। সুমিত পরীক্ষায় পাসের জন্য পাঠ্যবই মুখস্থ করে। সিলেবাসের বাইরের বই পড়তে সে আগ্রহী নয়। তার লক্ষ্য পরীক্ষায় বেশি নম্বর পাওয়া। সেকারণে ছোট ভাই অমিতকেও মুখস্থ বিদ্যায় উৎসাহী করতে চায়। প্রচলিত শিক্ষা ব্যবস্থায়ও এমনটা দেখা যায়।

১ (ঘ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদন্ড/ বিবেচ্য বিষয়
১(ঘ)	উচ্চতর দক্ষতা	৪	৪	মুখস্থ বিদ্যাকে গুরুত্ব না দিয়ে কীভাবে স্বশিক্ষার মধ্য দিয়ে সুশিক্ষিত হওয়া যায় তা উদ্দীপক ও প্রবন্ধের আলোকে যুক্তিসহ প্রমাণ করলে।
			৩	স্বশিক্ষার মধ্য দিয়ে সুশিক্ষিত হওয়ার বিষয়টি উদ্দীপক ও প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করলে।
			২	সাহিত্যচর্চা কীভাবে স্বশিক্ষিত হবার সুযোগ করে দেয় প্রবন্ধের আলোকে তা ব্যাখ্যা করলে।
			১	স্বশিক্ষার মধ্য দিয়ে যে সুশিক্ষিত হওয়া যায় তা উল্লেখ করলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তরঃ

''অমিত যেন 'বই পড়া' প্রবন্ধের প্রাবন্ধিকের যোগ্য প্রতিনিধি''—মন্তব্যটি যথার্থ। কারণ অমিত মুখস্থ বিদ্যাকে গুরুত্ব না দিয়ে সে স্বশিক্ষায় সুশিক্ষিত হতে চেয়েছে। 'বই পড়া' প্রবন্ধের প্রাবন্ধিকও চান শিক্ষার্থীরা যেন নিজের ইচ্ছা ও রুচি অনুযায়ী বই পড়ে প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠে।

'বই পড়া' প্রবন্ধে দেখা যায়, আমাদের দেশে বিদ্যাদাতার যেমন অভাব নেই, তেমনি দাতা কর্ণেরও অভাব নেই। ছেলে-মেয়েরা স্কুলে বিদ্যার্জন করে শিক্ষকের ইচ্ছায়। প্রকৃতপক্ষে শিক্ষা কেউ কাউকে দিতে পারে না। একজন শিক্ষক কেবল শিক্ষার্জনে সহযোগিতা করতে পারেন। কিন্তু আমাদের প্রচলিত শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীর ভালোলাগার কোন প্রকার মূল্যায়ন করা হয় না। তাদেরকে বিদ্যা গেলানো হয়। তারা তা জীর্ণ করতে পারুক আর না পারুক সেটি আদৌ বিচার্য বিষয় নয়।

এমনকি পারিবারিক পরিবেশে এবং বিদ্যালয় উভয়ক্ষেত্রই তাদেরকে সীমাবদ্ধ করে রাখা হয়। ফলে স্বেচ্ছায়, সাগ্রহে, সানন্দে পাঠ গ্রহণের সুযোগ তাদের হয়ে ওঠে না।

উদ্দীপকে দেখা যায়, অমিত প্রচলিত শিক্ষা পদ্ধতির বাইরে গিয়ে নিজের রুচি ও পছন্দ অনুযায়ী বই পড়ে। সেকারণে জন্মদিনের অনুষ্ঠানের টাকা দিয়ে সে বইমেলা থেকে বই কিনতে আগ্রহী। এক্ষেত্রে প্রমথ চৌধুরীর প্রত্যাশা তার মধ্যে প্রতিফলিত হয়েছে।

প্রাবন্ধিকের মতে, 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।' অর্থাৎ সুশিক্ষিত হতে হলে আগে অবশ্যই স্বশিক্ষিত হতে হবে। আর স্বশিক্ষিত হবার জন্য চাই সাহিত্যচর্চা। সকল জ্ঞানের আধার সাহিত্য। তাই লাইব্রেরিতে স্বেচ্ছায়, সাগ্রহে, সানন্দে সাহিত্যচর্চার মাধ্যমেই কেবল স্বশিক্ষিত হওয়া যায়। কিন্তু উদ্দীপকের সুমিতের মতই আমাদের স্কুল-কলেজের শিক্ষার্থীদের পুঁথিগত বিদ্যার্জনের মাধ্যমে শুধু পরীক্ষায় পাসের জন্য বাধ্য কনা হয়। এতে স্বশিক্ষিত হওয়ার পথ বন্ধ হয়ে যায়। কিন্তু অমিত পাঠ্যবইয়ের বাইরে গিয়ে স্বশিক্ষায় সুশিক্ষিত হয়ে উঠেছে। সুতরাং বলা যায় অমিত 'বই পড়া' প্রবন্ধের প্রাবন্ধিকের যোগ্য প্রতিনিধি ।

বর্ণনামূলক ও সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ
বর্ণনামূলক প্রশ্ন

উপন্যাস:

১। ক. 'বিশেষ বিশেষ পরিবেশে খুব সাধারণ কথাও অসাধারণ মনে হয়।' কথাটি ব্যাখ্যা করো। ৩
খ. নীলগঞ্জ গ্রাম মুক্তিযুদ্ধ সময়ের এক অনন্য উদাহরণ বলা যায় কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৭

২। ক. 'কোন কোন সময় মানুষের ইন্দ্রিয় অস্বাভাবিক তীক্ষ্ণ হয়ে যায়।' - উক্তিটি কার এবং কোন প্রসঙ্গে করা হয়েছে? ৩
খ. উপন্যাসের প্রধান চরিত্র হিসেবে তুমি কোন চরিত্রটিকে নির্বাচন করবে এবং কেন? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৭

নাটক:

১। ক. 'বহিপীর' অবশেষে বাস্তব পরিস্থিতি মেনে নিতে বাধ্য হয়।' – কেন? ৩
খ. 'নাটকের সার্থকতা অনেকাংশে নির্ভর করে সংলাপের ওপর।'- এই উক্তির আলোকে 'বহিপীর' নাটকের সার্থকতা বিশ্লেষণ করো। ৭

২। ক. নাটকের গঠনবৈশিষ্ট্যের ক্ষেত্রে এর উপাদানগুলো কীভাবে গুরুত্বপূর্ণ? ৩
খ. 'বহিপীর' নাটকে বহিপীর ছাড়া আর কোনো চরিত্র কি কেন্দ্রীয় চরিত্র হতে পারত? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৭

সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. 'হজরত ওমরের শিথিল অঙ্গ মাটিতে লুটাইল'– কেন?
২. 'পল্লির প্রত্যেক পরতে পরতে সাহিত্য ছড়িয়ে আছে'- কথাটি ব্যাখ্যা করো।
৩. 'ভারতের পুরুষ সমাজে বাঙালি পুরুষিকা!'- বেগম রোকেয়ার এ কথা বলার কারণ কী?
৪. জুলাই আন্দোলন কীভাবে গণ-আন্দোলনে রূপ নিয়েছিল?
৫. আজ আমাদের এত অধঃপতনের কারণ কী?
৬. প্রাবন্ধিক কাউকে বই পড়ার পরামর্শ দিতে চাননি– কেন?
৭. 'অর্থ সাধনাই জীবন সাধনা নয়' – কথাটি ব্যাখ্যা করো।
৮. 'একটি নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে'- এখানে নতুন পৃথিবী বলতে কী বোঝানো হয়েছে?
৯. 'কপোতাক্ষ নদ' কবিতাটিকে সনেট বলার কারণ ব্যাখ্যা করো।
১০. 'বোশেখ' কবিতার কবি কালবৈশাখীর কাছে করজোড়ে মিনতি করেছেন কেন?
১১. কবি জীবন্ত হৃদয় মাঝে স্থান পেতে চান কেন?
১২. 'বৃষ্টি' কবিতার আলোকে মানব-মনে বৃষ্টির প্রভাব বর্ণনা করো।
১৩. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল' - এই গল্পগুলো কীভাবে বেঁচে থাকবে বর্ণনা করো।
১৪. 'মরিয়া বাবর অমর হয়েছে' - কীভাবে?
১৫. তোমার স্মৃতি যে আযানের ধ্বনি জানেনা মুয়াজ্জিন- কবি কেন এ কথা বলেছেন?

পরিশিষ্ট-'ঢ'

বর্ণনামূলক ও সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

বর্ণনামূলক প্রশ্ন

ক. 'মানুষকে ভয় পাইয়ে দেবার মাঝে একটা আলাদা আনন্দ আছে'– কথাটি বলার কারণ ব্যাখ্যা করো। ৩

মূল্যায়নের মানদন্ড ও বরাদ্দকৃত নম্বর	২ নম্বর পাওয়ার জন্য বিবেচ্য বিষয়	১ নম্বর পাওয়ার জন্য বিবেচ্য বিষয়	০ নম্বর পাওয়ার জন্য বিবেচ্য বিষয়
বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা (২)	সুস্পষ্ট ও প্রাসঙ্গিকভাবে বিষয়বস্তু উপস্থাপন করতে পারলে	২/১টি ব্যত্যয় ছাড়া প্রাসঙ্গিকভাবে বিষয়বস্তু উপস্থাপন করতে পারলে	অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু উপস্থাপনায় অস্পষ্টতা ও অপ্রাসঙ্গিকতা থাকলে
শব্দচয়ন, বাক্যগঠন ও আনুষ্ঠানিক ভাষার ব্যবহার (১)	প্রযোজ্য নয়	উপযুক্ত শব্দ, বাক্যগঠন ও আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করতে পারলে	অধিকাংশ ক্ষেত্রে উপযুক্ত শব্দ, বাক্যগঠন ও আনুষ্ঠানিক ভাষার ব্যবহার না করতে পারলে

নমুনা উত্তরঃ

মানুষকে ভয় পাইয়ে দেবার মাঝে একটা আলাদা আনন্দ আছে– কথাটি দিয়ে মেজর এজাজের নীলগঞ্জের মানুষকে ভয় দেখিয়ে পদানত করে রাখার প্রবৃত্তি প্রকাশ পেয়েছে। '১৯৭১' উপন্যাসে নীলগঞ্জে আসা মিলিটারি দলটির নেতৃত্বে ছিলেন মেজর এজাজ। গ্রামের স্কুলটিতে ক্যাম্প স্থাপনের পর এখানকার মানুষের মনে ভয় ধরাতে তিনি কৈবর্ত সম্প্রদায়ের মনা ও তার ছোট ভাই বিরুকে নৃশংসভাবে গুলি করে হত্যা করেন। মানুষের মধ্যে ভীতি ছড়িয়ে দিতে তিনি এ হত্যাযজ্ঞ চালান। এমন হত্যাযজ্ঞ মেনে নিতে সহযোগী রফিকের কষ্ট হচ্ছিল। বিষয়টি বুঝতে পেরে মেজর এজাজ আত্মপক্ষ সমর্থন করে প্রশ্নোক্ত উক্তিটি করেন। কেননা, তিনি মনে করেন মানুষের মনে ভয় ধরানোতে এক ধরনের আনন্দ আছে। আর মানুষ স্বভাবতই অন্যদের পদানত করতে চায়। এটি মানুষের সহজাত প্রবৃত্তি। প্রশ্নোক্ত উক্তিটির মাধ্যমে এ কথাই বোঝানো হয়েছে।

খ. কৈবর্ত সম্প্রদায় মুক্তিকামী মানুষের প্রেরণার উৎস- মন্তব্যটি '১৯৭১' উপন্যাসের আলোকে বিশ্লেষণ করো। ৭

মূল্যায়নের মানদন্ড ও বরাদ্দকৃত নম্বর	২ নম্বর পাওয়ার জন্য বিবেচ্য বিষয়	১ নম্বর পাওয়ার জন্য বিবেচ্য বিষয়	০ নম্বর পাওয়ার জন্য বিবেচ্য বিষয়
বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা (২)	সুস্পষ্ট ও প্রাসঙ্গিকভাবে বিষয়বস্তু উপস্থাপন করলে	২/১টি ব্যত্যয় ছাড়া প্রাসঙ্গিকভাবে বিষয়বস্তু উপস্থাপন করলে	বিষয়বস্তু উপস্থাপনায় অস্পষ্টতা ও অপ্রাসঙ্গিকতা থাকলে
শব্দচয়ন ও আনুষ্ঠানিক ভাষার ব্যবহার (২)	উপযুক্ত শব্দ ও আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করলে	২/১টি ক্ষেত্র ব্যতীত উপযুক্ত শব্দ ও আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করলে	অধিকাংশ ক্ষেত্রে উপযুক্ত শব্দ ও আনুষ্ঠানিক ভাষার ব্যবহার না করলে
বাক্যগঠন ও যতিচিহ্নের ব্যবহার (২)	সঠিক বাক্য গঠন ও যতিচিহ্নের ব্যবহার করলে	২/১টি ক্ষেত্র ব্যতীত সঠিক বাক্য গঠন ও যতিচিহ্নের করলে	অধিকাংশ ক্ষেত্রে সঠিক বাক্য গঠন ও যতিচিহ্নের ব্যবহার না করলে
শুদ্ধ বানান(১)	প্রযোজ্য নয়	প্রমিত বানান রীতি অনুসরণ করে লিখতে পারলে	অধিকাংশ ক্ষেত্রে প্রমিত বানানরীতি অনুসরণ করে লিখতে না পারলে

নমুনা উত্তরঃ

'১৯৭১' উপন্যাসে উল্লিখিত কৈবর্ত সম্প্রদায় বিচ্ছিন্ন একটি গোষ্ঠী। নীলগঞ্জ গ্রামের যে দিকটায় জলাভূমি সেখানে কৈবর্ত সম্প্রদায় বসবাস করে। নীলগঞ্জের সামাজিক শাসন থেকে তারা সম্পূর্ণ মুক্ত। মাছ ধরার মৌসুমে তারা জলমহালে মাছ ধরতে যায়। আবার ফিরে আসে। কর্মহীন সময়টাতে তারা চুরি-ডাকাতি করে। নীলগঞ্জের কেউ এদের ঘাঁটায় না।

কৈবর্তদের স্বাধীন সমাজ ব্যবস্থা রয়েছে। এখানে কোনো আইন নেই। নিজেদের শক্তি মোতাবেক যে যার মতো আইন তৈরি করে। চিত্রা বুড়ির ছেলে মনা কৈবর্তের স্ত্রীর সঙ্গে খারাপ কাজ করায় সে চিত্রা বুড়ির ছেলেকে হত্যা করে। চিত্রা বুড়ি খুনের বিচার চাইতে থানা-পুলিশ করায় কৈবর্তরা তাকে সমাজচ্যুত করে। মেজর এজাজ আহমেদের সামনে মনা কৈবর্ত অটল সাহসিকতার মূর্ত প্রতীক হয়ে দাঁড়ায়। চিত্রা বুড়ির অভিযোগের ওপর ভিত্তি করে মেজর এজাজ মনা কৈবর্তকে ধরে নিয়ে আসে। এজাজ আহমেদের বন্দুকের সামনে মনা ভয় না পেয়ে নিজেই চিত্রা বুড়ির ছেলের খুনের দায় স্বীকার করে। এক্ষেত্রে খুনের কারণও সে প্রকাশ করে। কোনো প্রকার হীনমন্যতা তাকে কাবু করতে পারেনি। মনার এমন অটল সাহসিকতা আজিজ মাস্টার ও রফিককে প্রভাবিত করে। ভীত আজিজ মাস্টারের মধ্যে সাহসিকতার সঞ্চার ঘটে।

কৈবর্ত সম্প্রদায় নীলগঞ্জকে হানাদারমুক্ত করার পরিকল্পনার কেন্দ্রে ছিল। মেজর এজাজ প্রথমে তা ধরতে পারেনি। পরক্ষণে জয়নাল মিয়ার জাবনবন্দিতে জানা যায়, মধুবন জঙ্গলে থাকা ইস্ট বেঙ্গল রেজিমেন্টের মুক্তিযোদ্ধাদের সঙ্গে কৈবর্ত সম্প্রদায়ের যোগাযোগ রয়েছে। কৈবর্ত সম্প্রদায় তাদের খাদ্যের জোগান দেয় ও আহত মুক্তিযোদ্ধাদের সেবা করে।

কৈবর্ত সম্প্রদায় স্বাধীনচেতা মুক্তিকামী বাঙালিদের প্রতিনিধি। তারা কারও শাসনে চলে অভ্যস্ত নয়। এদের মধ্যে ভয়ের কোনো লেশ নেই। অকুতোভয় দুঃসাহসে তারা মৃত্যুর সামনে দাঁড়াতে জানে। তাদের মৃত্যু ভীরু বাঙালিদের মনে সাহসিকতার সঞ্চার করে। তারা মুক্তিযোদ্ধাদের সার্বিক সহযোগিতায় আত্মনিয়োগ করতেও দ্বিধা করে না। তাই বলা যায়, কৈবর্ত সম্প্রদায় মুক্তিকামী মানুষের প্রেরণার উৎস।

সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

প্রশ্ন: বন্দি লোকটি আলী ইবনে আব্বাসের কাছ থেকে ছাড়া পেয়েও চলে যায়নি কেন?

নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদন্ড (বিবেচ্য বিষয়)
১	২	২	সঠিক বাক্যগঠন ও আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করে সুস্পষ্ট ও প্রাসঙ্গিকভাবে বিষয়বস্তু উপস্থাপন করলে
		১	সুস্পষ্ট ও প্রাসঙ্গিকভাবে বিষয়বস্তু উপস্থাপন বা বাক্যগঠন ও আনুষ্ঠানিক ভাষার ব্যবহার - এর যেকোনো ১টির ব্যত্যয় থাকলে
		০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তরঃ

স্বার্থপরের মতো নিজের প্রাণরক্ষার্থে আরেকজনের প্রাণের বিনাশের কারণ হতে চাননি বলে বন্দি লোকটি আলী ইবনে আব্বাসের কাছ থেকে ছাড়া পেয়েও চলে যায়নি।

'প্রত্যুপকার' গল্পে খলিফার আদেশে আলী ইবনে আব্বাস ওই বন্দি লোকটিকে গৃহে রুদ্ধ করে রাখেন। কথা প্রসঙ্গে আলী ইবনে আব্বাস ওই বন্দি ব্যক্তির পরিচয় জানতে পারেন। তিনি আরও জানতে পারলেন, ওই বন্দি ব্যক্তির আশ্রয়েই মাস খানেক নিরাপদে থেকে অতি সম্মান ও আয়োজনের মধ্য দিয়ে তিনি স্বদেশে ফিরছিলেন। বন্দি ব্যক্তির প্রতি কৃতজ্ঞতা প্রকাশের সুযোগ পেয়ে তিনি তাঁকে মুক্ত করে দিতে চাইলেন। তখন ওই বন্দি ব্যক্তি রাজি হলেন না। তিনি বললেন, 'আমি এত নীচাশয় ও স্বার্থপর নহি যে, কিছুকাল পূর্বে যে প্রাণের রক্ষা করিয়াছি আপন প্রাণ রক্ষার্থে এক্ষণে সেই প্রাণের বিনাশের কারণ হইব।'

পরিশিষ্ট : 'ণ' পরীক্ষা সংস্কারের প্রজ্ঞাপন

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ জুন ২০০৭

নং শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯—দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষাক্রমের আওতায় ৯ম-১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) বেছে নিতে হয়। বর্তমানে প্রচলিত বহুমুখী শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা গেলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপকভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার সুযোগ পাবে। এ লক্ষ্যে গত ১২-৭-২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৬০ প্রজ্ঞাপনমূলে ২০০৬ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষাক্রম প্রবর্তন এবং আগামী ২০০৮ সালে এস.এস.সি পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে নির্দেশনা ছিল। প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা, অবহিতকরণ ও প্রশিক্ষণের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সংস্কার কর্মসূচির প্রচার ও উদ্বুদ্ধ করণার্থে জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকদের নিকট সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপানুষ্ঠানিক পত্র দেন। একইভাবে মাননীয় সংসদ সদস্যদের নিকট তৎকালীন মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক উপানুষ্ঠানিক পত্রে একমুখী শিক্ষা কর্মসূচিকে সহায়তার অনুরোধ জানানো হয়।

২। অনিবার্য কারণে ৮ ডিসেম্বর ২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/১৭৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ২০০৭ শিক্ষাবর্ষ পর্যন্ত একমুখী শিক্ষাক্রম ও পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত কার্যক্রম স্থগিত করা হয় এবং পরবর্তীতে গত ১৪ আগস্ট ২০০৬ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/

মূল্য ঃ টাকা ২.০০

সেসিপ/২০০৪/১১৯৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩১-১২-২০০৭ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে সরকার একমুখী শিক্ষা স্থগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতায় নতুন পদ্ধতিতে কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ—

(১) এস.এস.সি পরীক্ষায় ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature চারু ও কারুকলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য—

(ক) প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন, ব্যাখ্যা ও রচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন (Structured Question) ব্যবহার করা হবে। বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী কয়েকটি অংশ নিয়ে প্রতিটি কাঠামোবদ্ধ প্রশ্ন গঠিত হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন ব্যবহার করা হবে।

(খ) বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০ শতাংশ নম্বর নির্ধারিত থাকবে, তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বর বহুনির্বাচনী প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

